# এইচ.এস.সি পরীক্ষা

## ২০২৬ এর

পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচি ও মানবণ্টনের আলোকে একটি

# পূর্ণাঙ্গ সাজেশন

# PSYCHOLOGY SECOND PAPER

# সূচিপত্র


| অধ্যায়ের নাম | পৃষ্ঠা |
| --- | --- |
| **অধ্যায়-১ : বুদ্ধি** | ৩-৬ |
| অধ্যায়-২: ব্যক্তিত্ব | ৬-৯ |
| অধ্যায়-৩: মনোভাব | ১০-১৩ |
| অধ্যায়-৪: আচরণের উপর পরিবেশের প্রভাব | ১৪-১৮ |
| অধ্যায়-৫: মানসিক চাপ ও চাপ মোকাবিলা | ১৮-২১ |
| অধ্যায়-৬: মূল্যবোধ | ২১-২৪ |
| অধ্যায়-৭: মনোবিজ্ঞানে গবেষণার পদ্ধতিসমূহ | ২৫-২৮ |
| অধ্যায়-৮: পরিসংখ্যান | ২৮-৩১ |

# অধ্যায়-১ : বুদ্ধি

## সৃজনশীল রচনামূলক

১. দৃশ্যকল্প-১: বিভিন্ন মানসিক ক্ষমতার মধ্যে এমন একটি মানসিক ক্ষমতা আছে যার সাহায্যে মানুষ যুক্তিপূর্ণভাবে চিন্তা এবং উদ্দেশ্যপূর্ণভাবে কাজ করতে পারে। এটিকে শ্রেষ্ঠ মানসিক ক্ষমতা বলে বিবেচনা করা হয়।

দৃশ্যকল্প-২: মনোবিজ্ঞানী রীমাকে একাকী কিছু সমস্যার সমাধান করতে দিলেন। অন্যদিকে, সীমাকে তার সমবয়সী কয়েকজনের সাথে কিছু সমস্যার সমাধান করতে দিলেন। এভাবে মনোবিজ্ঞানী রীমা এবং সীমার বুদ্ধি পরিমাপ করলেন।

[ঢাকা, ময়মনসিংহ, রাজশাহী, দিনাজপুর, কুমিল্লা, চট্টগ্রাম, বরিশাল বোর্ড ২০২৫]


ক. মেধা কী?

খ. বুদ্ধির বিকাশে পরিবেশ কীভাবে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে?

গ. দৃশ্যকল্প-১ এ উল্লেখিত মানসিক ক্ষমতাটি ব্যাখ্যা কর।

ঘ. দৃশ্যকল্প-২ এ উল্লেখিত বুদ্ধি অভীক্ষার উপ-অভীক্ষাগুলো বিশ্লেষণ কর।

২.




[ঢাকা, ময়মনসিংহ, রাজশাহী, কুমিল্লা, চট্টগ্রাম, যশোর, বরিশাল বোর্ড ২০২৫]

ক. IQ কী?

খ. কোন ধরনের বুদ্ধি প্রতিবন্ধী শিশুরা শিক্ষালাভের যোগ্য এবং কেন?

গ. দৃশ্যকল্প-১ এ পলির IQ নির্ণয় কর।

ঘ. দৃশ্যকল্প-২ এর B চিহ্নিত স্থানের ধরনগুলোর তুলনামূলক বিবরণ দাও।

৩. সজলের বয়স ৮ বছর। সে ৬ বছর বয়সী সকল প্রশ্নের উত্তর দিয়ে ৭ বছর বয়সোপযোগী ১টি প্রশ্নের উত্তর দিতে পারে। অন্যদিকে, তার ভাই নেহাল বিভিন্ন শব্দের দ্রুত ও বহুবিধ ব্যবহারে দক্ষ। সে যে কোনো সমস্যার দ্রুত সমাধান করে। তাছাড়া সাহিত্য, সঙ্গীত ও সামাজিক কর্মকাণ্ডে বেশ আগ্রহী। [দিনাজপুর, সিলেট বোর্ড ২০২৩]

ক. বুদ্ধি অভীক্ষা কী?


খ. কার্য সম্পাদনমূলক বুদ্ধি অভীক্ষা গুরুত্বপূর্ণ কেন?

গ. উদ্দীপকে সজলের বুদ্ধ্যঙ্ক নির্ণয় করো।

ঘ. উদ্দীপকে নেহালের মধ্যে যে বৈশিষ্ট্য বিদ্যমান তা আলোচনা করো।

৪. দৃশ্যকল্প-১: আকাশের প্রকৃত বয়স ১৬ বছর। তার মানসিক বয়স ৯ বছরের মতো। তার বিচার বিশ্লেষণ করার ক্ষমতা কম। তবে তার কোনো শারীরিক বৈকল্য নেই। সে অন্যের সাহায্য ছাড়াই জীবন-যাপন করতে পারে।

দৃশ্যকল্প-২:




[দিনাজপুর, কুমিল্লা, যশোর বোর্ড ২০২২: আলহেরা একাডেমি স্কুল এন্ড কলেজ, বেড়া, পাবনা]

ক. বুদ্ধির সংজ্ঞা দাও।

খ. বুদ্ধি পরিমাপে কার্যসম্পাদনী অভীক্ষা প্রয়োজনীয় কেন?

গ. 'গ' ধরনের বুদ্ধি প্রতিবন্ধিতার বৈশিষ্ট্যগুলো ব্যাখ্যা করো।

ঘ. আকাশের বুদ্ধি প্রতিবন্ধিতাকে কেন শিক্ষা লাভের যোগ্য বলে বিবেচনা করা হয়? তোমার মতামত দাও।

৫. দৃশ্যকল্প-১: সৌরভ এর বুদ্ধ্যঙ্ক ৪৪। তার বাকশক্তিতে জড়তা রয়েছে।

দৃশ্যকল্প-২: মনোবিজ্ঞানী ইসহাক সাহেব তার দুই দল পরীক্ষা পাত্রের বুদ্ধি পরিমাপের জন্য ২টি অভীক্ষা প্রয়োগ করেন। দল-১ এ যে অভীক্ষা প্রয়োগ করেন তা হলো ব্যবহার উপযোগী প্রথম বুদ্ধি অভীক্ষা যা ১৯০৫ সালে তৈরি হয়। ২য় দলটি ছিল ভিন্ন ভাষা গোষ্ঠীর। তাই তাদের উপর সংস্কৃতির প্রভাব মুক্ত, এমন একটি অভীক্ষা প্রয়োগ করে সময়ের ভিত্তিতে সাফল্যাংক নির্ণয় করা হয়। [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]

ক. মানসিক বয়স কাকে বলে?

খ. ব্যক্তিতে ব্যক্তিতে বুদ্ধির পার্থক্য হয় কেন?

গ. দৃশ্যকল্প-১ এ বর্ণিত সৌরভের প্রতিবন্ধিকতার ধরন ব্যাখ্যা করো।

ঘ. দল-১ ও দল-২ এর উপর প্রয়োগকৃত অভীক্ষা ২টির মধ্যে তুলনামূলক আলোচনা করো।

৬. আফসানা পরিবারের বড় সন্তান। বড় সন্তান হলেও ছোটবেলা থেকেই মায়ের সাহায্য ছাড়া নিজের যত্ন নিতে পারেনা, তার কথাও ভালোভাবে বোঝা যায় না। বয়স ২০ বছর হলেও সে শিশুসুলভ আচরণ করে। অন্যদিকে আফসানার ছোট বোন ১৬ বছর বয়সী আফরিন ছোটবেলা থেকেই খুব মেধাবী। আফরিনের বাবা তার বুদ্ধ্যঙ্কের স্তর যাচাইয়ের জন্য মনোবিজ্ঞানীর কাছে গেলে মনোবিজ্ঞানী দুইভাবে বুদ্ধি পরিমাপের চেষ্টা করেন। একবার মানসিক বয়স নির্ণয় করে

সূত্রের মাধ্যমে এবং আরেকবার ১১টি উপ-অভীক্ষার মাধ্যমে। মনোবিজ্ঞানী দেখলেন যে যেকোনো পদ্ধতিতে করলেও আফরিনের বুদ্ধ্যঙ্কের মাত্রা তার বয়স অনুযায়ী অনেক বেশি।

[মাইলস্টোন কলেজ, ঢাকা]

ক. ব্যক্তিভিত্তিক বুদ্ধি অভীক্ষা কাকে বলে?


খ. পরিবেশ দূষণ বুদ্ধি প্রতিবন্ধিতার জন্য দায়ী কেন?

গ. আফসানা কোন ধরনের বুদ্ধি প্রতিবন্ধী? ব্যাখ্যা করো।

ঘ. আফরিনের বুদ্ধি পরিমাপে মনোবিজ্ঞানী যে দুইটি পদ্ধতি অবলম্বন করেছেন তাদের বৈশিষ্ট্যসমূহ বিশ্লেষণ করো।

৭. **বিষয়-১ :** মিলির বয়স ৭ বছর। সে ৮ বছরের উপযোগী সকল প্রশ্নের উত্তর দিয়ে ১০ বছর উপযোগী ৩টি ও ১১ বছরের ১টি প্রশ্নের সঠিক উত্তর দেয়।

**বিষয়-২:**




[আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল]

ক. বুদ্ধির সংজ্ঞা দাও।

খ. বুদ্ধ্যঙ্ক নির্ণয়ে মানসিক বয়স প্রয়োজন কেন?

গ. বিষয়-১ হতে মিলির বুদ্ধ্যঙ্ক নির্ণয় কর।

ঘ. বিষয়-২ হতে গ ও ঘ-এর মধ্যকার পার্থক্য বিশ্লেষণ কর।

## জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্নের সাজেশন

### ক নং প্রশ্ন (জ্ঞানমূলক)

★★ প্রশ্ন-১. IQ কী? [ঢাকা, ময়মনসিংহ, রাজশাহী, কুমিল্লা, চট্টগ্রাম, যশোর, বরিশাল বোর্ড ২০২৩]

★★ প্রশ্ন-২. কৃতি অভীক্ষা কী? [ঢাকা, ময়মনসিংহ, রাজশাহী, কুমিল্লা, চট্টগ্রাম, যশোর, বরিশাল বোর্ড ২০২৩]

★★ প্রশ্ন-৩, মেধা কী? [আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা]

★★ প্রশ্ন-৪, ওয়েশলারের বুদ্ধির সংজ্ঞাটি লেখো। [ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা]

★★ প্রশ্ন-৫. বুদ্ধি প্রতিবন্ধিতা কী? [ঢাকা সিটি কলেজ]

### খ নং প্রশ্ন (অনুধাবনমূলক)

★★ প্রশ্ন-১. কোন ধরনের বুদ্ধি প্রতিবন্ধী শিশুরা শিক্ষালাভের যোগ্য এবং কেন? [ঢাকা, ময়মনসিংহ, রাজশাহী, কুমিল্লা, চট্টগ্রাম, যশোর, বরিশাল বোর্ড ২০২৩]

★★ প্রশ্ন-২, স্ট্যানফোর্ড বিনে অভীক্ষাকে ভাষাভিত্তিক অভীক্ষা বলা হয় কেন? [ঢাকা, ময়মনসিংহ, রাজশাহী, কুমিল্লা, চট্টগ্রাম, যশোর, বরিশাল বোর্ড ২০২৩]

★★ প্রশ্ন-৩, মেধা ও সৃজনশীলতা কি একই নাকি ভিন্ন? ব্যাখ্যা করো। [ঢাকা কলেজ]

★★ প্রশ্ন-৪. বুদ্ধ্যঙ্ক নির্ণয়ে মানসিক বয়স প্রয়োজন কেন? [আদমজী ক্যান্টনমেন্ট কলেজ, ঢাকা]

★★ প্রশ্ন-৫. কর্ম সম্পাদনমূলক বুদ্ধি অভীক্ষা ব্যাখ্যা করো। [সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া]

## সৃজনশীল বহুনির্বাচনি

### বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

**০১. থার্সটোন বুদ্ধির ক্ষেত্রে কয়টি প্রাথমিক ক্ষমতার কথা বলেছেন?** [সকল বোর্ড ২৩]

ক) ৩টি খ) ৫টি
গ) ৭টি ঘ) ৯টি উঃ গ

**০২. WAIS এর পূর্ণরূপ কী?** [সকল বোর্ড ২৩]

ক) Wechsler Adult Intelligence Scale
খ) Wechsler Age Intelligence Scale
গ) Wechsler Adult Intellectual Scale
ঘ) Wechsler Adult Intelligence Scheme উ. ক

**০৩. বুদ্ধি পরিমাপের জন্য প্রণীত অভীক্ষাসমূহকে প্রধানত কয় ভাগে ভাগ করা হয়েছে?** [সকল বোর্ড ২২]

ক) ২ খ) ৩
গ) ৪ ঘ) ৫ উঃ ক

**০৪. IQ এর পূর্ণরূপ কী?** [সকল বোর্ড ২২]

ক) Intelligence Quotent
খ) Intelligence Quotient
গ) Inteligence Quotient
ঘ) Intelligence Quotant উঃ খ

**০৫. বুদ্ধি কী?** [বীরশ্রেষ্ঠ মুন্সী আব্দুর রউফ পাবলিক কলেজ, ঢাকা]

ক) বক্তৃতা করা
খ) আবেগীয় ভাব প্রকাশ করা
গ) শরীরের ওজন কমানো
ঘ) সমস্যা সমাধানে জ্ঞানকে ব্যবহার করা উঃ ঘ

**০৬. ক্লাইডার বুদ্ধিকে সংজ্ঞায়িত করতে গিয়ে কোনটির সাথে তুলনা করেছেন?** [সরকারি মজিদ মেমোরিয়াল সিটি কলেজ, খুলনা]

ক) বাতাস খ) বিদ্যুৎ
গ) পানি ঘ) মাটি উঃ খ

**০৭. থর্নডাইক বুদ্ধিবৃত্তিক বিকাশকে কত বছর নির্ধারণ করেছেন?** [সুনামগঞ্জ সরকারি মহিলা কলেজ]

ক) ১৬ বছর খ) ১৯ বছর
গ) ২২ বছর ঘ) ৩৩ বছর উঃ গ

**০৮. সাধারণ বুদ্ধিসম্পন্ন ব্যক্তিদের বুদ্ধ্যঙ্ক কত?**

[খুলনা সরকারি মহিলা কলেজ]

ক) ৮০-৮৯ খ) ৯০-১০৯
গ) ১১০-১১৯ ঘ) ১২০-১২৯ উঃ খ

০৯. **সীমান্তবর্তী ব্যক্তিদের বুদ্ধ্যঙ্ক কত?** [বিসিআইসি কলেজ, ঢাকা]
ক) ২৫-৪৯ খ) ৫০-৬৯
গ) ৭০-৭৯ ঘ) ৮০-৮৯ উঃ গ

১০. **বিজ্ঞানসম্মত বুদ্ধি অভীক্ষার উদ্ভাবক হিসেবে কার নাম উল্লেখযোগ্য?** [বরেন্দ্র কলেজ, রাজশাহী]
ক) ডারউইন খ) আলফ্রেড বিনে
গ) গ্যালটন ঘ) ক্যাটেল উঃ খ

১১. **বুদ্ধ্যঙ্কের সূত্রটি প্রথম প্রয়োগ করেন কে?** [ঢাকা সিটি কলেজ]
ক. ডেভিড ওয়েক্সলার খ) আলফ্রেড বিনে
গ) এল. এম টারম্যান ঘ) উইলিয়াম স্টার্ণ উঃ গ

১২. $IQ = \frac{MA}{CA} \times ?$ **চিহ্নিত স্থানে কোনটি বসবে?**
[সরকারি সুন্দরবন আদর্শ কলেজ, খুলনা]
ক) ১০ খ) ১০০
গ) ১০০০ ঘ) ১০০০০ উঃ খ

১৩. **WAIS ভাষাগত মানকে সাদৃশ্য অভীক্ষায় মোট কয়টি প্রশ্ন আছে?** [মহিলা কলেজ, চট্টগ্রাম]
ক) ১০টি খ) ১১টি
গ) ১২টি ঘ) ১৩টি উঃ গ

১৪. **কোন বুদ্ধি প্রতিবন্ধীর বুদ্ধ্যঙ্কের মাত্রা ২০ এর নিচে?**
[রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]
ক) মৃদু খ) মধ্যম
গ) গুরুতর ঘ) চরম উঃ ঘ

১৫. **গুরুতর বুদ্ধি প্রতিবন্ধিদের বুদ্ধ্যংক সীমাবদ্ধ থাকে-**
[হলি ক্রস কলেজ, ঢাকা]
ক) ২০ থেকে ৩৫ এর মধ্যে
খ) ১৬ থেকে ২০ এর মধ্যে
গ) ৩৬ থেকে ৫০ এর মধ্যে
ঘ) ২০ এর নীচে উঃ ক

১৬. **DSM-IV অনুযায়ী মানসিক বা বুদ্ধি প্রতিবন্ধিদের কয়টি শ্রেণিতে ভাগ করা যায়-** [রাজশাহী সরকারি সিটি কলেজ]
ক ৮টি খ) ৬টি
গ) ৪টি ঘ) ২টি উঃ ক

১৭. **মধ্যম বুদ্ধি প্রতিবন্ধিতা হলো- যাদের বুদ্ধ্যংক-**
[পুলিশ লাইন্স স্কুল এন্ড কলেজ, রংপুর]
ক) ৫২-৬৯ খ) ৩৬-৫০
গ) ২০-৩৫ ঘ) ২০ এর কম উঃ খ

১৮. **কোন বুদ্ধি প্রতিবন্ধীর বুদ্ধ্যঙ্কের মাত্রা ২০ থেকে ৩৫ এর মধ্যে?** [ক্যান্টনমেন্ট কলেজ, কুমিল্লা]
ক) মৃদু খ) মধ্যম
গ) গুরুতর ঘ) চরম উঃ গ

১৯. **বুদ্ধি প্রতিবন্ধিতা কত বছর বয়সের পূর্বে ঘটে?**
[ক্যান্টনমেন্ট কলেজ, কুমিল্লা]
ক) ১৫ খ) ১৬
গ) ১৮ ঘ) ২০ উঃ গ

২০. **বুদ্ধি অভীক্ষার দলীয় পার্থক্যের কারণ-** [সকল বোর্ড ২৩]
i. অর্থনৈতিক অবস্থা ii. লিঙ্গ পার্থক্য
iii. বংশগতি
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii উঃ ঘ

২১. **বুদ্ধি হলো-**[আজিমপুর গভঃ গার্লস স্কুল এন্ড কলেজ, ঢাকা]
i. উদ্দেশ্যপূর্ণভাবে কাজ করা
ii. পরিবেশের সাথে খাপ খাওয়ানো
iii. সমস্যায় পড়লে ঘাবড়িয়ে যাওয়া
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii উঃ ক

২২. **বুদ্ধির বৈশিষ্ট্য হলো—** [বিসিআইসি কলেজ, ঢাকা]
i. যুক্তিপূর্ণ চিন্তা ii. বিমূর্ত চিন্তা
iii. প্রায়োগিক ক্ষমতা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii উ. ঘ

২৩. **ওয়েক্সলারের বুদ্ধি অভীক্ষার ভাষাগত মানকের উপ-অভীক্ষা-** [সকল বোর্ড ২২]
i. তথ্য ii. বোধ ক্ষমতা
iii. ছবি পূরণ
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii উঃ ক

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ২৪ ও ২৫ নম্বর প্রশ্নের উত্তর দাও:**
লিমন শারীরিক সক্ষমতা সম্পর্কিত কাজে তার যমজ বোন মিলার চেয়ে পারদর্শী। মিলা আবার যেকোন ভাষার শব্দ ও অর্থ লিমনের চেয়ে দ্রুত শিখতে পারে। [চট্টগ্রাম সিটি কর্পোরেশন আন্তঃ কলেজ]

২৪. **উদ্দীপকে বুদ্ধির কোন ধরনের পার্থক্য আলোচিত হয়েছে?**
ক) দলীয় পার্থক্য খ) জাতিগত পার্থক্য
গ) লিঙ্গগত পার্থক্য ঘ) মানসিক পার্থক্য উঃ গ

২৫. **উক্ত পার্থক্যের কারণে—**
i. ছেলেরা কারিগরি বিষয়ে মেয়েদের চেয়ে ভালো
ii. ছেলেরা গৃহসজ্জার ক্ষেত্রে মেয়েদের চেয়ে পিছিয়ে
iii. মেয়েদের মানসিক ক্ষমতা বেশি

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii

গ) ii ও iii ঘ) i, ii ও iii উঃ ক

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ২৬ ও ২৭ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

সীমার প্রকৃত বয়স ৬ বছর হলেও সে ৭ বছরের উপযোগী দুটি প্রশ্নের সঠিক উত্তর দিতে পারল। পক্ষান্তরে রীমার প্রকৃত বয়স ১২। [সকল বোর্ড ২৩]

**২৬. সীমার বুদ্ধ্যঙ্ক কত?**

ক) ৯৪.৭৩ খ) .৯৪৭৩

গ ১০৫.৫৫ ঘ) ১.০৫৫৫ উঃ গ

**২৭. স্ট্যানফোর্ড বিনে বুদ্ধি অভীক্ষা অনুযায়ী রীমার উপযোগী অভীক্ষা-**

i. ভাষাগত অসামঞ্জস্যতা নির্ণয়

ii. বিমূর্ত ধারণার অর্থবোধ করা

iii. অসম্পূর্ণ বাক্য পূরণ করা

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii

গ) ii ও iii ঘ) i, ii ও iii উ; ঘ

**নিচের উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

নীলার মানসিক বয়স ৬ বছর এবং বুদ্ধ্যঙ্ক ৪০। পক্ষান্তরে ইলার বুদ্ধ্যঙ্ক পাওয়া গেল ২৫। [সকল বোর্ড ২২]

**২৮. নীলার মধ্যে কোন ধরনের বুদ্ধি প্রতিবন্ধিতা বিদ্যমান?**

ক) মৃদু বুদ্ধি প্রতিবন্ধিতা

খ) মধ্যম বুদ্ধি প্রতিবন্ধিতা

গ) গুরুতর বুদ্ধি প্রতিবন্ধিতা

ঘ) চরম বুদ্ধি প্রতিবন্ধিতা উঃ খ

**২৯. ইলার মধ্যে লক্ষণীয়-**

i. বাক বিকাশে প্রচণ্ড বাধা

ii. শব্দ উচ্চারণে স্পষ্টতা

iii. সম্পূর্ণ পরনির্ভরশীলতা

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii

গ) ii ও iii ঘ) i, ii ও iii উঃ খ

**নিচের উদ্দীপকটি পড় এবং ৩০ ও ৩১ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

আনোয়ার সাহেবের ছেলে সারোয়ারের চেহারাতে কিছু বোকা বোকাভাব, কিছু লিখতে ও পড়তে পারে। কিন্তু শিক্ষা প্রক্রিয়া অত্যন্ত শ্লথ ও কষ্টসাধ্য। তার বাকশক্তি ও শারীরিক দক্ষতায় অনেক জড়তা। আনোয়ার সাহেব বিষয়টি নিয়ে উদ্বিগ্ন হয়ে একজন মনোবিজ্ঞানীর পরামর্শ গ্রহণ করেন।

[রাজবাড়ী সরকারি আদর্শ মহিলা কলেজ]

**৩০. সারোয়ারের যে ধরনের সমস্যা ছিল মনোবিজ্ঞানের ভাষায় তাকে কী বলে?**

ক) মৃদু বুদ্ধি প্রতিবন্ধিতা

খ) মধ্যম বুদ্ধি প্রতিবন্ধিতা

গ) গুরুতর বুদ্ধি প্রতিবন্ধিতা

ঘ) চরম বুদ্ধি প্রতিবন্ধিতা উ; খ

**৩১. উদ্দীপকে সারোয়ারের উল্লিখিত সমস্যা সমাধানের জন্য করণীয়-**

i. কাউন্সেলিং ii. স্পিচ থেরাপি

iii. বিশেষ শিক্ষা ও প্রশিক্ষণ

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii


গ) ii ও iii ঘ) i, ii ও iii উঃ ঘ

## দ্বিতীয় অধ্যায়: ব্যক্তিত্ব

### সৃজনশীল রচনামূলক

**১. দৃশ্যকল্প-১:** ব্যক্তিত্ব মূল্যায়নে প্রাচীনতম এবং বহুল ব্যবহৃত একটি পদ্ধতি আছে। এই পদ্ধতিতে গবেষক ব্যক্তিকে সামনাসামনি বসিয়ে তার সাথে কথা বলে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করেন।

**দৃশ্যকল্প-২:**




[ঢাকা, ময়মনসিংহ, রাজশাহী, কুমিল্লা, চট্টগ্রাম, দিনাজপুর, বরিশাল বোর্ড ২০২৫]

ক. ব্যক্তিত্ব কী?


খ. ব্যক্তিত্ব মূল্যায়নের প্রশ্নমালা গুরুত্বপূর্ণ কেন?

গ. দৃশ্যকল্প-১ এ বর্ণিত ব্যক্তিত্ব মূল্যায়নের পদ্ধতিটি ব্যাখ্যা কর।

ঘ. দৃশ্যকল্প-২ এ প্রদর্শিত চিত্রের 'A' এবং 'C' এর তুলনামূলক বিশ্লেষণ কর।

২. **দৃশ্যকল্প-১:** ফারুক গোলগাল ও মেদবহুল দেহের অধিকারী। সে সহজেই আনন্দিত হয় আবার বিষাদগ্রস্ত হয়ে পড়ে।

**দৃশ্যকল্প-২:**




[ঢাকা, ময়মনসিংহ, রাজশাহী, কুমিল্লা, চট্টগ্রাম, যশোর, বরিশাল বোর্ড ২০২৩]

ক. মৌলিক সংলক্ষণ কী?

খ. অন্তর্মুখী ব্যক্তিত্ব গুরুত্বপূর্ণ কেন?

গ. দৃশ্যকল্প-১-এ ফারুকের মধ্যে ব্যক্তিত্বের যে শ্রেণি লক্ষণীয় তা ব্যাখ্যা করো ।

ঘ. দৃশ্যকল্প-২-এ ব্যক্তিত্ব পরিমাপে B ও C এর গুরুত্ব আলোচনা করো।

৩. দৃশ্যকল্প-১:



দৃশ্যকল্প-২: মনোবিজ্ঞানী শেলডন ব্যক্তির মেজাজ ও মানসিক গুণাবলির উপর ভিত্তি করে একটি শ্রেণিবিভাগ করেন।

[দিনাজপুর, সিলেট বোর্ড ২০২৩]

ক. ব্যক্তিত্ব কী?

খ. কবি, সাহিত্যিক, বিজ্ঞানী অন্তর্মুখী ব্যক্তিত্বের অধিকারী হয় কেন?

গ. দৃশ্যকল্প-১-এর চিত্রটি ব্যাখ্যা করো।

ঘ. দৃশ্যকল্প-১-এর সাথে দৃশ্যকল্প-২ এর শ্রেণিবিভাগের সম্পর্ক বিশ্লেষণ করো।

৪. হিমিকা খুব সহজেই উৎফুল্ল হয় আবার সহজেই বিষাদগ্রস্ত হয়ে পড়ে। রেবেকা বাইরে ঘোরাফেরা করতে খুব পছন্দ করে। অন্যের সাথে মিশে আনন্দ করতে তার ভালো লাগে। অন্যদিকে তার বোন অনন্যা আত্মকেন্দ্রিক এবং কোলাহল একেবারেই পছন্দ করে না। [ভিকারুননিসা নুন স্কুল এন্ড কলেজ, ঢাকা]


ক. পেপার পেন্সিল অভীক্ষা কী?

খ. CPI কী? ব্যাখ্যা করো।


গ. হিমিকার আচরণ কোন ধরনের মেজাজের অন্তর্ভুক্ত? – ব্যাখ্যা করো।

ঘ. রেবেকা এবং তার বোনের ব্যক্তিত্বের তুলনামূলক পার্থক্য লেখো।

৫. ▶



দৃশ্যকল্প-১



দৃশ্যকল্প-২

[মাইলস্টোন কলেজ, ঢাকা]

ক. প্রক্ষেপণমূলক অভীক্ষা কী?

খ. পেপার-পেন্সিল অভীক্ষাকে মূল্যায়নের দক্ষ পদ্ধতি বলা হয় কেন?

গ. দৃশ্যকল্প-০১ এ কোন ধরনের অপ্রক্ষেপণমূলক অভীক্ষা পরিলক্ষিত হয়েছে? ব্যাখ্যা করো।

ঘ. দৃশ্যকল্প-০২ এ যে শেলডনের শারীরিক গঠন মতবাদের প্রকারভেদ (দৈহিক) উল্লেখ রয়েছে তার তুলনামূলক আলোচনা করো।

৬. **দৃশ্যকল্প-১:** বিসিএস পরীক্ষায় পরীক্ষক সানজিদাকে সামনাসামনি বসিয়ে কাথোপকথনের মধ্যমে তার ব্যক্তিগত বিষয়ের উপর নানা ধরনের প্রশ্ন জিজ্ঞাসা করেন।

**দৃশ্যকল্প-২:**

| ছক-১ | ছক-২ |
|---|---|
| ক) সবচেয়ে বেশি ব্যবহৃত অভীক্ষা। | ক) ১৯৩৫ সালে প্রণয়ন। |
| খ) সুইজারল্যান্ডের মনোচিকিৎসক দ্বারা প্রণয়ন। | খ) ১৯টি অস্পষ্ট, ১টি কার্ডসহ মোট ২০টি কার্ড |
| গ) অর্থহীন ছাপযুক্ত কিন্তু অর্থহীন ১০টি কার্ড। | গ) প্রতিটি কার্ডের বিপরীতে গল্প রচনা করতে হবে। |

[ভাষা শহীদ আব্দুল জব্বার আনসার ভিডিপি স্কুল এন্ড কলেজ, গাজীপুর]

ক. পেপার পেন্সিল অভীক্ষা কী?

খ. সংলক্ষণ ব্যক্তির আচরণকে কীভাবে প্রভাবিত করে?

গ. সানজিদাকে কোন পদ্ধতির সাহায্যে মূল্যায়ন করা হয়েছে? ব্যাখ্যা করো।

ঘ. ছক-১ ও ছক-২ এ নির্দেশিত অভীক্ষাগুলোতে যেসব বৈশিষ্ট্যের ভিত্তিতে ব্যক্তিত্ব মূল্যায়ন করা হয় তা আলোচনা করো।

## জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্নের সাজেশন

### ক নং প্রশ্ন (জ্ঞানমূলক)

★★ প্রশ্ন-১. মৌলিক সংলক্ষণ কী? [ঢাকা, ময়মনসিংহ, রাজশাহী, কুমিল্লা, চট্টগ্রাম, যশোর, বরিশাল বোর্ড ২০২৩]

★★ প্রশ্ন-২. ব্যক্তিত্ব কী? [দিনাজপুর, সিলেট বোর্ড ২০২৩]

★★ প্রশ্ন-৩. অন্তর্মুখী ও বহির্মুখী ব্যক্তিত্ব সর্বপ্রথম কে বর্ণনা করেন। [ঢাকা কলেজ]

★★ প্রশ্ন-৪. ব্যক্তিত্বের সংলক্ষণ বলতে কী বুঝায়? [বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ, ঢাকা]

★★ প্রশ্ন-৫. EPPS কী? [ঢাকা সিটি কলেজ]

### খ নং প্রশ্ন (অনুধাবনমূলক)

★★ প্রশ্ন-১. অন্তর্মুখী ব্যক্তিত্ব গুরুত্বপূর্ণ কেন? [ঢাকা, ময়মনসিংহ, রাজশাহী, কুমিল্লা, চট্টগ্রাম, যশোর, বরিশাল বোর্ড ২০২৩]

★★ প্রশ্ন-২. কবি, সাহিত্যিক, বিজ্ঞানী অন্তর্মুখী ব্যক্তিত্বের অধিকারী হয় কেন? [দিনাজপুর, সিলেট বোর্ড ২০২৩]

★★ প্রশ্ন-৩. বাহ্যিক সংলক্ষণ গুরুত্বপূর্ণ কেন? [ঢাকা সিটি কলেজ]

★★ প্রশ্ন-৪. এই অভীক্ষার ১০টি কালির ছাপ কোন বর্ণের? [বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ, ঢাকা]

★★ প্রশ্ন-৫. পেপার-পেন্সিল অভীক্ষাকে মূল্যায়নের দক্ষ পদ্ধতি বলা হয় কেন? [মাইলস্টোন কলেজ, ঢাকা]

## সৃজনশীল বহুনির্বাচনি

### বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

**০১. শেলডনের শারীরিক গঠন মতবাদ অনুযায়ী ব্যক্তিত্বের শ্রেণিবিভাগ-** [সকল বোর্ড ২৩]

ক) ২টি খ) ৩টি
গ) ৪টি ঘ) ৫টি উঃ খ

**০২. মিনেসোটা বহুমুখী ব্যক্তিত্ব প্রশ্নমালায় কতটি পদ রয়েছে?** [সকল বোর্ড ২৩]

ক) ৫৪০টি খ) ৫৫০টি
গ) ৫৬০টি ঘ) ৫৭০টি উ; খ

**০৩. পিকনিক ব্যক্তিত্বের অধিকারীদের আচরণ হয়—** [সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম]

ক) মনমরা ভাবের খ) খিটখিটে
গ) খুব উৎফুল্ল ঘ) অসমাজিক উঃ গ

**০৪. 'persona' শব্দের অর্থ কী?** [সকল বোর্ড ২২, ১৭]

ক) মুখ খ) ছবি
গ) ব্যক্তিত্ব ঘ) মুখোশ উঃ ঘ

**০৫. সিগমুন্ড ফ্রয়েড এর মতে মানব মনের ৩য় স্তর কোনটি?** [সকল বোর্ড '২২]

ক) চেতন স্তর খ) অচেতন স্তর
গ) প্রাক-চেতন স্তর ঘ) অবচেতন স্তর উঃ খ

**০৬. ক্রেসমার তার গবেষণার শেষে কোন গড়নের ব্যক্তিদের মধ্যে সিজোফ্রেনিয়া দেখতে পান?** [ঢাকা ইমপিরিয়াল কলেজ]

ক) হালকা-পাতলা খ) মোটা
গ) গোলগাল ঘ) লম্বা উঃ ক

**০৭. সাইক্লোয়েড ধরনের মানসিক রোগীরা কেমন হয়?** [মহিলা কলেজ, চট্টগ্রাম]

ক) লম্বা খ) মোটা
গ) মেদহীন ঘ) হালকা উঃ খ

**০৮. রফিক ছোটখাটো গোলগাল। সে সহিষ্ণু ও সামাজিক। রফিক কোন ধরনের ব্যক্তিত্বের অধিকারী?** [সকল বোর্ড ১৯]

ক) এনডোমরফিক খ) সাইক্লোয়েড
গ) অ্যাসথেনিক ঘ) সিজোয়েড উঃ খ

**০৯. কিশোর অপরাধীরা সাধারণত কোন শ্রেণির হয়ে থাকে?** [মাইলস্টোন কলেজ, ঢাকা]

ক) মেসোমরফিক খ) সেরিব্রোটর্নিক
গ) সোমাটোটনিক ঘ) পিকনিক উঃ ক

**১০. শেলডনের মতবাদ অনুযায়ী কোন শ্রেণির লোকেরা খেলাধুলা পছন্দ করে এবং অন্যের উপর কর্তৃত্ব প্রতিষ্ঠা করতে চায়?** [সকল বোর্ড '১৮]

ক) এনডোমরফিক খ) মেসোমরফিক
গ) একটোমরফিক ঘ) সোমাটোটনিক উঃ খ

**১১. মেদবহুল, গোলগাল ও খাট ব্যক্তিগণ নিচের কোন শ্রেণির?** [সকল বোর্ড ১৭]

ক) এনডোমরফিক খ) অ্যাথলেটিক
গ) অ্যাসথটিক ঘ) পিকনিক উঃ ঘ

**১২. মনঃসমীক্ষণ মতবাদের প্রবক্তা কে?** [বিসিআইসি কলেজ, ঢাকা]

ক) সিগমুন্ড ফ্রয়েড খ) আলবার্ট বান্দুরা
গ) কাল রোজার্স ঘ) আব্রাহাম মাসলো উঃ ক

**১৩. বাস্তবতার নীতি দ্বারা পরিচালিত হয়—** [পঞ্চগড় সরকারি মহিলা কলেজ]

ক) আদিসত্তা খ) অহম
গ) অতি অহম ঘ) বিবেক উঃ খ

**১৪. ব্যক্তিত্বের সংলক্ষণ মতবাদের প্রবক্তা কে?** [পল্লী উন্নয়ন একাডেমী ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ, বগুড়া]

ক) স্কিনার খ) ক্যাটেল
গ) কার্ল ইয়ুং ঘ) কার্ল রোজার্স উ. খ

**১৫. ক্যাটেল ব্যক্তিত্বের বহু সংখ্যক সংলক্ষণ থেকে কয়টি মৌলিক সংলক্ষণ নির্বাচন করেন?** [বিসিআইসি কলেজ, ঢাকা]

ক) ১০টি খ) ১৩টি
গ) ১৬টি ঘ) ১৯টি উঃ গ

**১৬. কার্ল ইয়ং কোন উপাদানের ওপর ভিত্তি করে ব্যক্তিত্বের শ্রেণিবিন্যাস করেছেন?** [সকল বোর্ড ১৭]

ক) মৌলিক সংলক্ষণ খ) গৌণ সংলক্ষণ
গ) বস্তুগত সংলক্ষণ ঘ) মানসিক সংলক্ষণ উ. ঘ

**১৭. কালির ছাপ অভীক্ষাটি কে প্রণয়ন করেন?** [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]

ক) এইচ এ মারে খ) ক্রিস্টিয়ানা মরগান
গ) জন সি রাচ ঘ) হারম্যান রোশাক উঃ ঘ

**১৮. আত্মোপলব্ধি মতবাদের প্রবক্তা কে?** [বিএএফ শাহীন কলেজ, ঢাকা]

ক) আব্রাহাম মাসলো খ) বান্দুরা
গ) ওয়াল্টার মিশেল ঘ) রোজার্স উঃ ক

**১৯. কালির ছাপ, অভীক্ষাটি কে প্রণয়ন করেন?** [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]

ক) এইচ এ মারে গ) জন সি রাচ
খ) ক্রিস্টিয়ানা মরগান ঘ) হারম্যান রোশাক উ; ঘ

**২০. কাহিনি সংপ্রত্যক্ষণ অভীক্ষা কে তৈরি করেন?** [সেন্ট্রাল উইমেন্স কলেজ, ঢাকা]

ক) হারম্যান রোশাক খ) ক্রিস্টিয়ানা মরগান
গ) আব্রাহাম মাসল ঘ) রোজার্স উঃ খ

**২১. সাইক্লোয়েড শ্রেণির লোকেরা –** [মহিলা কলেজ, চট্টগ্রাম]
i. সামাজিক হয় ii. বাস্তববাদী হয়
iii. উত্তেজনাপ্রবণ হয়
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii উঃ ঘ

**২২. খেলোয়াড়সুলভ শরীর হয়ে থাকে—**
i. এ্যাথলেটিকদের ii. মেসোমরফিকদের
iii. সোমাটোটনিকদের
**নিচের কোনটি সঠিক?** [ভেড়ামারা সরকারি কলেজ, কুষ্টিয়া]
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii উঃ ক

**২৩. অপ্রক্ষেপণমূলক অভীক্ষা-** [সকল বোর্ড ২০২২]
i. সাক্ষাৎকার ii. রেটিং স্কেল
iii. ব্যক্তিত্ব প্রশ্নমালা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii উঃ ঘ

**২৪. প্রক্ষেপণমূলক অভীক্ষাসমূহ-** [সকল বোর্ড ২৩]
i. পরিস্থিতিমূলক অভীক্ষা
ii. রোশাক কালির ছাপ অভীক্ষা
iii. কাহিনী সংপ্রত্যক্ষণ অভীক্ষা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii উঃ গ

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ২৫ ও ২৬ নম্বর প্রশ্নের উত্তর দাও:**
হুমায়ূন আহমেদ (১৯৪৮-২০১২) বাংলা সাহিত্যের সবচেয়ে জনপ্রিয় লেখক। একজন কিংবদন্তি। তিনি তার আচার-ব্যবহার, চাল-চলন, কথা-বার্তা ও চিন্তন প্রক্রিয়ার মাধ্যমে আমাদের মনে গভীরভাবে রেখাপাত করে আছেন। তার এসব আচরণ ও চিন্তন প্রক্রিয়া অন্যান্য ব্যক্তি থেকে আলাদা। [রংপুর সরকারি কলেজ]

**২৫. উদ্দীপকে হুমায়ূন আহমেদের কোন বিষয়টি প্রতিফলিত হয়েছে?**
ক) বুদ্ধি খ) ব্যক্তিত্ব
গ) মনোভাব ঘ) মূল্যবোধ উঃ খ

**২৬. উদ্দীপকে উল্লিখিত বিষয়ের মাধ্যমে মানুষের প্রকাশ পায়-**
i. আচরণ ও মানসিক প্রক্রিয়া
ii. চিন্তার ধরন ও প্রকাশভঙ্গি
iii. জীবনদর্শন
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii উঃ ঘ

**নিচের উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮ নম্বর প্রশ্নের উত্তর দাও:**
আরাফাত এবং সিফাত দুই ভাই। আরাফাত স্বল্পভাষী এবং নির্জনতা পছন্দ করে। সে আবার আবেগপ্রবণ ও সংবেদনশীল বটে। পক্ষান্তরে, সিফাত বহির্জগৎ সম্পর্কে জানতে প্রচণ্ড আগ্রহী। সামাজিক মেলামেশায় তার ঝোঁক বেশি। [সকল বোর্ড ২২]

**২৭. আরাফাত কোন ধরনের ব্যক্তিত্বের অধিকারী?**
ক) অন্তর্মুখী খ) বহির্মুখী
গ) উভয়মুখী ঘ) এনডোমরফিক উঃ ক

**২৮. সিফাতের মধ্যে লক্ষণীয়-**
i. পরার্থপরতা
ii. অন্যের মঙ্গল ও উন্নতির চিন্তা করা
iii. আত্মকেন্দ্রিকতা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii উঃ ক

**নিচের উদ্দীপকটি পড় এবং ২৯ ও ৩০ নম্বর প্রশ্নের উত্তর দাও:**
শফিক বিশ্ববিদ্যালয়ে পড়ে। কিন্তু বিশ্ববিদ্যালয়ের কারো সাথে মেলামেশা করে না। তার তেমন কোন বন্ধু নেই। যা আছে তাদের সাথেও ভালো সম্পর্ক নেই। সে কিছুটা আত্মকেন্দ্রিক।
[শহীদ বীর-উত্তম লেঃ আনোয়ার গার্লস কলেজ, ঢাকা]

**২৯. শফিকের আচরণে কোন ব্যক্তিত্বের প্রকাশ ঘটেছে?**
ক) সাইক্লোয়েড খ) পিকনিক
গ) সিজোয়েজ ঘ) সোমাটোটনিক উঃ গ

**৩০. উদ্দীপকে যে ব্যক্তিত্বের লক্ষণ দেখা যায় তাদের শারীরিক গড়ন-**
i. খাটো ii. লম্বা
iii. হালকা পাতলা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii উঃ গ

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৩১ ও ৩২ নম্বর প্রশ্নের উত্তর দাও:**
শিহাবকে দশটি কার্ড দেখানোর পর জিজ্ঞাসা করা হলো সে কার্ড বা কার্ডসমূহের কোন কোন অংশে কী দেখেছে। পক্ষান্তরে, সামিহার ব্যক্তিত্ব পরিমাপে ক্যালিফোর্নিয়া মনস্তাত্ত্বিক প্রশ্নমালা মানক ব্যবহার করা হয়েছিল। [সকল বোর্ড ২৩]

**৩১. শিহাবের ব্যক্তিত্ব পরিমাপে কোন ধরনের অভীক্ষা ব্যবহার করা হয়েছিল?**
ক) রোশাক কালির ছাপ অভীক্ষা
খ) কাহিনী সংপ্রত্যক্ষণ অভীক্ষা
গ) ব্যক্তিত্ব প্রশ্নমালা
ঘ) পরিস্থিতিমূলক অভীক্ষা উঃ ক

**৩২. সামিহার ব্যক্তিত্ব পরিমাপে ব্যবহৃত মানক নির্ণয় করে-**

i. প্রাধান্য বিস্তার
ii. সামাজিকীকরণ
iii. নমনীয়তা

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii
উঃ ঘ

## অধ্যায়-৩ : মনোভাব

### সৃজনশীল রচনামূলক

১. দৃশ্যকল্প-১: রিয়া বন্ধুদের সাথে আলাপকালে দক্ষিণ এশিয়ার একটা দেশ সম্পর্কে বলে ওখানকার মানুষেরা উন্নত, অতিমাত্রায় বস্তুবাদী 4 এবং বৃদ্ধরা রক্ষণশীল।

দৃশ্যকল্প-২: লাবিবা বিশেষ একটা জনগোষ্ঠীর জীবন-যাপন প্রণালী নিয়ে পত্রিকার খবর পড়ে মন খারাপ করল। সে বিশেষ জনগোষ্ঠীর সাথে সমাজের বেশিরভাগ মানুষ একই সাথে স্কুলে পড়াশুনা করে না।

[ঢাকা, দিনাজপুর, সিলেট, চট্টগ্রাম, বরিশাল বোর্ড ২০১৯]

ক. মনোভাবের সংজ্ঞা দাও।
খ. অবহিতিমূলক উপাদান ব্যাখ্যা কর।
গ. রিয়ার ধারণাকে মনোবিজ্ঞানের ভাষায় কী বলা হয়? ব্যাখ্যা কর।
ঘ. দৃশ্যকল্প-২ এ পত্রিকার খবরে কোন ধারণার প্রকাশ পেয়েছে এবং সেটি হ্রাসের ব্যাপারে তোমার মতামত দাও।

২. দৃশ্যকল্প-১: চৌধুরী সাহেব সর্বদা নিজেকে নিয়ে গর্ববোধ করেন। তিনি মনে করেন তাঁর বংশের লোক ছাড়া অন্যান্য লোকেরা উন্নত চারিত্রিক বৈশিষ্ট্যের অধিকারী নন। তাদের আচার-ব্যবহার চাল- চলন খুবই নিচুমানের। তিনি চান সবাই তার প্রশংসা করুক, সম্মান করুক। তিনি প্রায়ই অন্যদেরকে হেয় করেন।

দৃশ্যকল্প-২: রবি, রাজা ও রাণী একই পাড়ায় বসবাস করেন। দীর্ঘদিন একই পাড়ায় বসবাসের ফলে তাদের পরস্পরের মধ্যে এক ধরনের সখ্যতা গড়ে উঠেছে। পাড়ার লোকেরা বলে, "রবি রাজা ও রাণীকে পছন্দ করে কিন্তু রাজা, রবিকে পছন্দ করলেও রাণীকে অপছন্দ করেন।"

[ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম, বরিশাল বোর্ড ২০১৮]

ক. পূর্ব সংস্কার কী?
খ. মনোভাব গঠনে পরিবার প্রধান মাধ্যম কেন?
গ. চৌধুরী সাহেবের মনোভাবে যে বিষয়টি লক্ষ করা যায় তা কীভাবে গঠিত হয় ব্যাখ্যা করো।
ঘ. রবি, রাজা ও রাণীর মনোভাবে যে অবস্থা বিরাজ করছে তা পরিবর্তনের পদক্ষেপসমূহ ব্যাখ্যা করো।

৩. নাহিন নবম শ্রেণিতে পড়ে। সে বাবার সঙ্গে প্রতিদিন খবরের কাগজ পড়ে এবং টেলিভিশনে খবর শুনে। সম্প্রতি বাংলাদেশে অনুপ্রবেশাধীন রোহিঙ্গাদের দুঃখ-দুর্দশার খবর তাকে খুব কষ্ট দেয়। কীভাবে তাদের সাহায্য করা যায় এই নিয়ে চিন্তা করতে থাকে। নাহিনের মামা মতিন সাহের যে কোনো বিষয় সম্পর্কে যথার্থ বিবেচনা ছাড়াই যুক্তিহীন, নেতিবাচক ও বিদ্বেষপূর্ণ মনোভাব পোষণ করেন। যেমন- তিনি মনে করেন দরিদ্রদের লেখাপড়া করার প্রয়োজন নেই। মতিন সাহেবের এ ধরনের মানসিকতা অনেকের কাছেই গ্রহণযোগ্য নয়।

[দিনাজপুর, কুমিল্লা, সিলেট, যশোর বোর্ড ২০১৮]

ক. মনোভাব কী?
খ. প্রাসঙ্গিক আইন প্রণয়ন কীভাবে পূর্বসংস্কার হ্রাস করে?
গ. নাহিনের আচরণ মনোভাবের কোন উপাদানের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা করো।
ঘ. মতিন সাহবের মানসিকতাকে মনোবিজ্ঞানের ভাষায় কী বলে? এর বৈশিষ্ট্যসমূহ বিশ্লেষণ করো।

৪. সবুজ মেধাবী এবং বিসিএস ক্যাডার। সে নবীন অফিসার এবং কাজে খুবই দক্ষ এজন্য সবাই তাকে খুবই পছন্দ করে। সবুজের বাবা একজন মুদী দোকানদার সবুজের অফিসের ঊর্ধ্বতন কর্মকর্তা তার মেয়ের জন্য সবুজকে পছন্দ করে এবং বিয়ের প্রস্তাব দেয়। পরে যখন সবুজের বাবার সম্পর্কে জানতে পারে তখন প্রস্তাব থেকে পিছিয়ে আসে। কিন্তু কনে রিয়ার মা সবুজকে অত্যধিক পছন্দ করে বিধায় বিষয়টি সহজে মেনে না নিয়ে সবুজের সাথে রিয়ার বিয়ে দেন। ১০ বছর পর জানা যায় সবুজ তার স্ত্রী ও দুই সন্তানসহ সুখে আছে। [ঢাকা কলেজ]

ক. বদ্ধমূল ধারণা কী?
খ. মনোভাবের উপাদান এর কাজ কি?
গ. উদ্দীপকে উর্ধ্বতন কর্মকর্তার ধারণাকে তুমি কীভাবে ব্যাখ্যা করবে?
ঘ. রিয়ার মা ও সবুজের পিতার আচরণের পারস্পরিক প্রভাব উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর।

৫. উদ্দীপক ১: তথ্যাদি ভালো করে পরাক্ষা না করে আগে ভাগে একটি সিদ্ধান্ত করা।

উদ্দীপক ২: কোন একটি উক্তির প্রতি উত্তরদাতা পাঁচ ভাবে মনোভাব ব্যক্ত করতে পারে।

[ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ]

ক. ভারসাম্য মতবাদের মূল বক্তব্য কী?

খ. মনোভাবের সাথে জড়িত আবেগকে মনোভাবের কোন উপাদানের অন্তর্ভুক্ত করা হয়? ব্যাখ্যা করো।

গ. উদ্দীপক-১ বিষয়টি কীভাবে হ্রাস করা যায়? ব্যাখ্যা করো।

ঘ. উদ্দীপক-২ মানকটি বিশ্লেষণ করো।

## জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্নের সাজেশন

### ক নং প্রশ্ন (জ্ঞানমূলক)

** প্রশ্ন-১. মনোভাবের সংজ্ঞা দাও। [ঢা বো., চ. বো., দিবো, সি. বো, ব. বো. '১৯ আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা; আদমজী ক্যান্টনমেন্ট কলেজ, ঢাকা; ঢাকা ইমপিরিয়াল কলেজ; মাইলস্টোন কলেজ, ঢাকা; বাংলাদেশ বিমান বাহিনী শাহীন কলেজ, ঢাকা; ভাষা শহীদ আব্দুল জব্বার আনসার ভিডিপি স্কুল এন্ড কলেজ, গাজীপুর; রাজশাহী কলেজ]

** প্রশ্ন-২. মনোভাব কী? [দি. বো. কু. বো. সি. বো. য. বো. '১৮; ঢাকা কলেজ, হলি ক্রস কলেজ, ঢাকা]

** প্রশ্ন-৩. মনোভাবের উপাদানগুলোর নাম লেখো। [ঢা বো., রা. বো, দি. বো., চ. বো. ১৭]

** প্রশ্ন-৪. বদ্ধমূল ধারণা কী? [রা. বো, কু. বো., য. বো. ১৯; রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা; ঢাকা সিটি কলেজ]

** প্রশ্ন-৫. পূর্বসংস্কার কী? [ঢা বো., রা. বো., চ. বো, ব. বো. ১৮]

### খ নং প্রশ্ন (অনুধাবনমূলক)

** প্রশ্ন-১. অবহিতিমূলক উপাদান ব্যাখ্যা করো। [ঢা বো., চ. বো., দি. বো, সি. বো., ব. বো. ১৯; রাজশাহী কলেজ]

** প্রশ্ন-২. মনোভাব গঠনে পরিবার প্রধান মাধ্যম কেন? [ঢা বো., রা. বো, চ. বো., ব. বো. '১৮; রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]

** প্রশ্ন-৩. ব্যক্তির চাহিদাপূরণ মনোভাব গঠনে কীভাবে কাজ করে? [ঢা বো., রা. বো., দি. বো, চ. বো. ১৭; ঢাকা ইমপিরিয়াল কলেজ]

** প্রশ্ন-৪. পূর্বসংস্কার সহজাত নয় কেন? [রা. বো, কু. বো, য. বো. '১৯]

** প্রশ্ন-৫. প্রাসঙ্গিক আইন প্রণয়ন কীভাবে পূর্ব সংস্কার হ্রাস করে? [দি. বো. কু. বো. সি. বো. য, বো, '১৮]

## সৃজনশীল বহুনির্বাচনি

### বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

**০১. মনোভাব হলো 'কোনো বিষয়, বস্তু ও ধারণাসমূহের প্রতি ব্যক্তির ধনাত্মক বা ঋণাত্মক মূল্যায়ন' সংজ্ঞাটি কে দিয়েছেন?** [সকল বোর্ড ২০১৯]

ক. আলপোর্ট খ. রোজেনবার্গ
গ. হাইডার ও নিউকম্ব
ঘ. ক্রাইডার এবং সহযোগীরা উ. ঘ

**০২. "কোনো কিছুর পক্ষে বা বিপক্ষে যাবার প্রস্তুতিই মনোভাব" সংজ্ঞাটি কার?** [সকল বোর্ড ২০১৭]

ক. আলপোর্ট খ. হামিদা আক্তার
গ. মারফি ও নিউকম্ব ঘ. ডিম্বার্ডো উ. গ

**০৩. মনোভাবের প্রধান উপাদান কয়টি?** [সকল বোর্ড ২০১৮; আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা; ক্যান্টনমেন্ট কলেজ, কুমিল্লা; চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক কলেজ]

ক. ২ খ. ৩
গ. ৪ ঘ. ৫ উ. খ

**০৪. যুক্তি দেখানো মনোভাবের কোন ধরনের উপাদান?** [সকল বোর্ড ২০১৭; বিসিআইসি কলেজ, ঢাকা]

ক. অনুভূতিমূলক খ. ক্রিয়াগত
গ. ধনাত্মক ঘ. অবহিতিমূলক উ. খ

**০৫. কোন মনোবিজ্ঞানী রাশিয়ান জনগণ কমিউনিস্ট মনোভাবাপন্ন হওয়ার কারণ ব্যাখ্যা করেন?** [শহীদ বীর-উত্তম লেঃ আনোয়ার গার্লস কলেজ, ঢাকা]

ক রস স্ট্যাগনার খ. ম্যাক্সক্লোসকি
গ. আর্থার স্ট্যাটস ঘ. রোজেন বার্গ উ. ক

**০৬. সমাজ ও দল গঠনের কোনটি উল্লেখযোগ্য উপাদান?** [মহিলা কলেজ, চট্টগ্রাম]

ক. মনোভাব খ. মতামত
গ. ধারণা ঘ. কল্পনা উ. ক

**৭০. থার্স্টোন মানকের উক্তিগুলিকে কীভাবে বিন্যস্ত করা হয়?** [সকল বোর্ড ২০১৭; আদমজী ক্যান্টনমেন্ট কলেজ, ঢাকা; সেন্ট্রাল উইমেন্স কলেজ, ঢাকা]

ক. A–H খ. A–K
গ. A–M ঘ. A–Z উ. খ

**০৮. সমব্যবধান বিশিষ্ট মানক কোনটি?** [সকল বোর্ড ২০১৭]

ক. থার্স্টোন ও কেভ খ. লিকার্ট
গ. হাইডার ঘ. বোগার্ডাস উ. ক

**০৯. সমান দূরত্ব বিশিষ্ট মানক কোনটি?** [ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা; হলি ক্রস কলেজ, ঢাকা; রাজবাড়ী সরকারি আদর্শ মহিলা কলেজ]

ক. থার্স্টেন ও সেভ মানক খ. লিকার্ট মানক
গ. বোগার্ডাস মানক ঘ. হাইডার মানক উ. ক

**১০. লিকার্ট মানকে কয়টি মাত্রার উল্লেখ আছে?** [গোয়াইনঘাট ডিগ্রি কলেজ, সিলেট]

ক. ২টি খ. ৩টি
গ. ৪টি ঘ. ৫টি উ. ঘ

**১১. মনোভাবের বৈশিষ্ট্য হলো—** [সকল বোর্ড ২০১৯; বিসিআইসি কলেজ, ঢাকা]

i. মনোভাব জন্মগত

ii. মনোভাব মোটামুটি দীর্ঘস্থায়ী
iii. মনোভাব সর্বদাই লক্ষ্যাভিমুখী
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ. খ

**১২. শিক্ষকের জ্ঞান, বোঝানোর দক্ষতার ফলে ছাত্রটি শিক্ষককে খুব পছন্দ করে। শিক্ষকের প্রতি ছাত্রের এই ভালো লাগাটা মনোভাবের—** [সকল বোর্ড ২০১৯]
i. অনুভূতিমূলক উপাদান
ii. অবহিতিমূলক উপাদান
iii. ক্রিয়াগত উপাদান
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ. ক

**১৩. মনোভাবের উপাদান হচ্ছে-** [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা; রাজবাড়ী সরকারি আদর্শ মহিলা কলেজ]
i. অবহিতিমূলক
ii. অনুভূতিমূলক
iii. ক্রিয়ামূলক
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ. ঘ

**১৪. পূর্বসংস্কার হ্রাসের উপায় হচ্ছে-** [সকল বোর্ড ২০১৮; বাংলাদেশ বিমান বাহিনী শাহীন কলেজ, ঢাকা]
i. পরিবেশগত অবহিতির পরিবর্তন সাধন
ii. আন্তঃকৃষ্টিমূলক শিক্ষার প্রচলন
iii. একই লক্ষ্য অর্জনে যৌথ প্রচেষ্টা
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ. গ

**১৫. জাতিকেন্দ্রিক মনোভাবের জন্য আমরা মনে করি-**
i. অন্যান্য গোষ্ঠী-নিকৃষ্ট
ii. আমাদের গোষ্ঠী শ্রেষ্ঠ
iii. নিজেদের শ্রেষ্ঠত্বে সন্দেহ পোষণ করি
নিচের কোনটি সঠিক? [ঢাকা কলেজ]
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ. ক

**১৬. বদ্ধমূল ধারণার বৈশিষ্ট্য হলো—** [ঢাকা সিটি কলেজ]
i. শ্রেণিভুক্তিকরণ
ii. গুণাবলি আরোপে মতৈক্য
iii. আরোপিত গুণাবলির মধ্যে পার্থক্য
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ. ঘ

**১৭. বদ্ধমূল ধারণা হলো ব্যক্তি সম্পর্কিত-** [মাইলস্টোন কলেজ, ঢাকা]
i. কম তথ্যনির্ভর ধারণা
ii. অবিশ্বাস্য রকমের ধারণা
iii. বোকামির ধারণা
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ. ক

**১৮. পূর্বসংস্কার হ্রাস করার উপায় হলো-** [ঢাকা ইমপিরিয়াল কলেজ]
i. আইন প্রণয়ন
ii. গণমাধ্যম
iii. বিবাদমান দলের মধ্যে পারস্পরিক সংস্পর্শ
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ. ঘ

**১৯. সমান দূরত্ব বিশিষ্ট স্কেলের অভিমতগুলোকে ভাগ করা হয়—** [বাংলাদেশ বিমান বাহিনী শাহীন কলেজ, শমশেরনগর, মৌলভীবাজার]
i. নিরপেক্ষতার মাত্রা অনুযায়ী
ii. আনুকূল্য মাত্রানুযায়ী
iii. প্রতিকূলতার মাত্রানুযায়ী
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ. গ

**২০. থার্স্টোন স্কেলের দুই প্রান্তে থাকবে-** [কাদিরাবাদ ক্যান্টনমেন্ট স্যাপার কলেজ, নাটোর]
i. অনুকূল অভিমত
ii. প্রতিকূল অভিমত
iii. নিরপেক্ষ অভিমত
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ. ঘ

**২১. থার্স্টোন পদ্ধতির মানক নির্মাণ প্রক্রিয়া জটিল হলেও—**
i. এর সাফল্যাঙ্ক নির্ণয় করা সহজ
ii. প্রয়োগ বিধি সহজ
iii. এর সাফল্যাঙ্ক নির্ণয় করা যায় না
নিচের কোনটি সঠিক? [চট্টগ্রাম কলেজ]
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ. ক

**উপরের উদ্দীপকের আলোকে ২২ ও ২৩ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

সুন্দরবনের কাছে রামপালে কয়লাভিত্তিক বিদ্যুৎকেন্দ্র নিয়ে সরকারের সাথে পরিবেশবাদীরা বিপরীত মুখে অবস্থান করেন। সরকার বলে বিদ্যুৎ প্রকল্পটি পরিবেশের জন্য হুমকি নয়। কিন্তু পরিবেশবাদী কর্মী হিসেবে মামুন বলে এটি জীববৈচিত্র্যের জন্য হুমকি। যার ফলে এই এলাকার তাপমাত্রা বৃদ্ধি ও এসিড বৃষ্টি হতে পারে। [গোয়াইনঘাট ডিগ্রি কলেজ, সিলেট]

**২২. উদ্দীপকে মামুনের কোনটি প্রকাশ পায়?**

ক. মনোভাব খ. মতামত
গ. ব্যক্তিত্ব ঘ. মূল্যবোধ উ. খ

**২৩. উদ্দীপকে যেটি প্রকাশ পায় তার অবস্থান-**

i. চেতন মনের কাছাকাছি
ii. অপেক্ষাকৃত স্বল্পস্থায়ী
iii. আচরণ করার প্রবণতা
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ. ক

**উদ্দীপকটি পড়ে ২৪ এবং ২৫ নম্বর প্রশ্নের উত্তর দাও :**

একজন ভদ্রমহিলা তার ছোট শিশুর ভয়ানক অসুখের সময় রাত বারোটায় এক ডাক্তারকে টেলিফোন করেন। ডাক্তার এসে শিশুর কী হয়েছে ভালো করে শুনলেন এবং দেখে তার ঔষধের ব্যবস্থা করলেন। শিশুটি একটু সুস্থ হলে ডাক্তার শিশুটির প্রতি কী কী করণীয় তা বুঝিয়ে দিলেন। ডাক্তার চলে গেলেন। ডাক্তারের এই মমত্ববোধ ঐ ভদ্র মহিলার তীব্র মনোভাব জাগিয়ে তুললো। [সুনামগঞ্জ সরকারি মহিলা কলেজ]

**২৪. মনোভাব গঠনের কোন শর্তটি ভদ্র মহিলার ক্ষেত্রে কাজ করেছে?**

ক. চাহিদাপূরণ খ. ব্যক্তিত
গ. পরিবার ঘ. সমিতি উ. ক

**২৫. ডাক্তারের প্রতি ভদ্র মহিলার কোন ধরনের উপাদান কাজ করেছে?**

i. অবহিতিমূলক
ii. অনুভূতিমূলক উপাদান
iii. ক্রিয়ামূলক উপাদান
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ. ক

**নিচের উদ্দীপকটি পড় এবং ২৬ ও ২৭ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

মারুফ বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়ে একটি সংগঠনে যোগদান করে। সংগঠন থেকে সে ছাত্ররাজনীতি, রাজনীতির সুফল, কুফল ও পরিণতি সম্পর্কে প্রথম ধারণা পায়। সংগঠনের অন্য সদস্যদের দ্বারা প্রভাবিত হয়ে মারুফও রাজনীতি ভাবাপন্ন হয়ে পড়ে। [পঞ্চগড় সরকারি মহিলা কলেজ]

**২৬. মারুফের মনোভাব গঠনে রস স্ট্যাগনারের কোন শর্তটি কাজ করে?**

ক. সমাকলন খ. পৃথকীকরণ
গ. মানসিক আঘাত ঘ. গ্রহণ উ. ঘ

**২৭. মারুফের মনোভাব গঠনে যে অবস্থা কাজ করে-**

i. তথ্য পরিবেশন
ii. ব্যক্তিত্ব
iii. সমিতি
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ. ক

**নিচের উদ্দীপকটি পড় এবং ২৮ ও ২৯ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

তন্বীকে মনোবিজ্ঞান পরীক্ষাগারে নেওয়া হলো তার মনোভাব পরিমাপের জন্য । তাকে ইতি ও নেতিবাচক সম্পর্কিত কিছু উক্তি দেওয়া হলো। যেখানে 'সম্পূর্ণ একমত থেকে সম্পূর্ণ ভিন্নমত' এভাবে পাঁচটি ক্রমানুসারে মাত্রা ছিল, যার সম্ভাব্য উত্তরটি সে টিক চিহ্ন দিয়ে নির্দেশ করবে।

[ইস্পাহানি পাবলিক স্কুল এন্ড কলেজ, চট্টগ্রাম]

**২৮. মনোভাব পরিমাপের জন্য স্ত্রীকে যে মানক প্রদান করা হয়েছিল?**

ক. সমান দূরত্ব বিশিষ্ট মানক
খ. লিকার্ট মানক
গ. বোগার্ডাস সামাজিক দূরত্ব পরিমাপক মানক
ঘ. থার্স্টোন মানক উ. খ

**২৯. উদ্দীপকে যে মানক ব্যবহৃত হয় তার সুবিধা-**

i. সময় খুব কম লাগে
ii. সহজতর পদ্ধতি
iii. কার্যকর
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ.ঘ

**নিচের উদ্দীপকটি পড় এবং ৩০ ও ৩১ নম্বর প্রশ্নের উত্তর দাওঃ**

আশি ও নব্বইয়ের দশকে অফিস, আদালত ও ব্যক্তিগত যোগাযোগের জন্য চিঠিপত্র ব্যবহার করত। কিন্তু বর্তমানে সব ক্ষেত্রে মোবাইল, ইন্টারনেট ব্যবহৃত হয়। এজন্য বর্তমানে তানভীর সাহেবের চিঠিপত্রের সাথে মোবাইল ইন্টারনেট ব্যবহারে অসঙ্গতি দেখা দিয়েছে, যেটা তার মধ্যে একটি মানসিক চাপ সৃষ্টি করে। [বিসিআইসি কলেজ, ঢাকা]

**৩০. উদ্দীপকে যে বিষয়টি নিয়ে আলোচনা করা হয়েছে?**

ক. ভারসাম্য মতবাদ
খ. সামঞ্জস্যহীনতা মতবাদ

গ. অবহিতিমূলক সামঞ্জস্যহীনতা মতবাদ

ঘ. ভারসাম্যহীন মতবাদ উ. গ

**৩১. উদ্দীপকে উল্লিখিত বিষয়টি যেভাবে হ্রাস করা যায়—**

i. আচরণ অবহিতি পরিবর্তন করে

ii. পরিবেশের অবহিতি পরিবর্তন করে

iii. যোগাযোগের মাধ্যমে

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii

গ. ii ও iii ঘ. i, ii ও iii উ. গ

## অধ্যায়-৪: আচরণের উপর পরিবেশের প্রভাব

### সৃজনশীল রচনামূলক

১. দৃশ্যকল্প-১: জনি বন্ধু, পরিচিতজন, প্রতিবেশির সাথে তুচ্ছ কারণে আক্রমণাত্মক আচরণ করে। এমনকি কখনো কখনো মারধরও করে থাকে। তাই সবাই জনিকে এড়িয়ে চলে।

দৃশ্যকল্প-২: রেহানা বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ হয়ে প্রশাসন ক্যাডারে ১ম হয়েছেন। সাংবাদিকদের সাথে সাক্ষাৎকারে রেহানা বলেন, তার বাবা-মা, ভাই-বোনদের সর্বাত্মক সহযোগিতা, অনুপ্রেরণা ছিল সব সময়। তাছাড়া শিক্ষা প্রতিষ্ঠানের কিছু ভালো শিক্ষকের সান্নিধ্য ও সহযোগিতা তাকে লক্ষ্যে পৌঁছাতে প্রেরণা জুগিয়েছে।

[ঢাকা, দিনাজপুর, চট্টগ্রাম, সিলেট, বরিশাল বোর্ড ২০১৯]

ক. প্রথা বিরোধিতা কী?

খ. স্নেহ ও ভালোবাসা কীভাবে আন্তঃব্যক্তিক আকর্ষণ নির্ণয়কারী উপাদান হিসাবে কাজ করে?

গ. উদ্দীপকে জনির আচরণকে মনোবিজ্ঞানের ভাষায় কী বলা হয়? ব্যাখ্যা কর।

ঘ. "রেহানার সাফল্যের জন্য সমাজীকরণে একাধিক মাধ্যমের প্রভাব বিদ্যমান।" উক্তিটি মূল্যায়ন কর।

২. রেশমা ও সালমা সহপাঠী। রেশমার গড়ন আকর্ষণীয়। রেশমা ব্রাজিল ফুটবল দলকে পছন্দ করে বলে সালমা তাকে খুব পছন্দ করে। অন্যদিকে শীলা ও সালমা একই সিঁড়ি দিয়ে ওঠানামা করে বলে শীলা সালমার প্রতি আকর্ষণ অনুভব করে।

[রাজশাহী, কুমিল্লা, যশোর বোর্ড ২০১৯]

ক. আত্মঃব্যক্তিক আকর্ষণ কী?

খ. পরিচিতিকে আন্তঃব্যক্তিক আকর্ষণের উপাদান বলা হয় কেন?

গ. আন্তঃব্যক্তিক আকর্ষণের ক্ষেত্রে রেশমার মধ্যে যে উপাদানটি পরিলক্ষিত হয় তা ব্যাখ্যা কর।

ঘ. আন্তঃব্যক্তিক আকর্ষণের ক্ষেত্রে সালমা ও শীলার মধ্যে যে উপাদান দুটি বিদ্যমান তা বিশ্লেষণ কর।

৩. হিমেল ও রক্তিম দুইজন প্রতিবেশী। হিমেল নিয়মিত স্কুলে যায়। ৪. শিক্ষকগণের নির্দেশ অনুযায়ী সে পড়াশুনা করে বলে শিক্ষকগণও তার খুব প্রশংসা করেন। অন্যদিকে রক্তিম পারিবারিক অসচ্ছলতার কারণে স্কুল-কলেজের আনুষ্ঠানিক শিক্ষাগ্রহণ করতে পারে নাই। তবে সমবয়সী দল, বিভিন্ন সামাজিক আচার-অনুষ্ঠান, হাটবাজার, খেলার মাঠ ইত্যাদি স্থানে তার সরব উপস্থিতি বিদ্যমান। যার ফলে জীবনযাপনের প্রয়োজনীয় জ্ঞান তার রপ্ত হয়েছে।

[ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম, বরিশাল বোর্ড ২০১৮]

ক. সমাজীকরণ কী?

খ. পিতামাতা কীভাবে শিশুর সমাজীকরণকে প্রভাবিত করতে পারে?

গ. উদ্দীপকে বর্ণিত হিমেলের সমাজীকরণ প্রক্রিয়া ব্যাখ্যা করো।

ঘ. রক্তিমের সমাজীকরণে কোন মাধ্যমের প্রভাব সর্বাধিক? যুক্তি দাও।

৪. নিম্নবিত্ত এলাকায় বেড়ে ওঠা ওয়াসিম সামান্য হাঁসি ঠাট্টাতে রেগে যায়। সে তার মতামতে ভুলের ঊর্ধ্বে বলে মনে করে। তার মতামতের বিরোধীতা করলে সেটাকে ভ্রান্ত ও শাস্তিযোগ্য বলে মনে করে। তার একগুয়েমীর কারণে অন্যের সাথে প্রায়ই বিবাদে লিপ্ত হতে দেখা যায়। ওয়াসিমের বাবা তাকে তিরস্কার করে বলেন, সমাজে নিজের মতামত প্রতিষ্ঠার জন্য কঠোরতা পরিহার করে বিকল্প পদ্ধতিতে অন্যের সমর্থন লাভ করা যায়।

[ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম, দিনাজপুর বোর্ড ২০১৭]

ক. কৃষ্টির সংজ্ঞা দাও।

খ. সমবয়সী দল কীভাবে সামাজীকরণে ভূমিকা রাখে ?

গ. ওয়াসিমের চারিত্রিক বৈশিষ্ট্যের মূলে নিহিত পরিস্থিতির বর্ণনা দাও।

ঘ. কীভাবে ওয়াসিমের আগ্রাসী আচরণ নিয়ন্ত্রণ করা যায়? ব্যাখ্যা কর।

৫. দৃশ্যকল্প-১: রেশমা ও সালমা সহপাঠী। রেশমার গড়ন আকর্ষণীয়। তারা দুজনই ব্রাজিল ফুটবল দলের সমর্থক। অন্যদিকে বাণিজ্যমেলায় অনেক ভীড়ের মধ্যেও সাহিন নিলয়কে চিনতে পারলো যার সাথে তার বিভিন্ন অনুষ্ঠানে কয়েকবার দেখা হয়েছিল।

দৃশ্যকল্প-২: লাবিবা এবার ঢাকা মেডিকেল কলেজে ভর্তি হওয়ার সুযোগ পেয়েছে। সাংবাদিকদের সাথে সাক্ষাৎকার এ সে বলল, তার বাবা-মা ভাইবোন এর সমর্থন ও অনুপ্রেরণা ছিল সবসময়। তাছাড়া শিক্ষাপ্রতিষ্ঠানের কিছু শিক্ষকের সহযোগিতা ও পরামর্শ তাকে লক্ষ্যে পৌছাতে প্রেরণা জুগিয়েছে।

[রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]

ক. আগ্রাসন কী?

খ. প্রথা বিরোধিতা ব্যাখ্যা করো।

গ. দৃশ্যকল্প-১ এ রেশমা, সালমা ও সাহিন এর মধ্যে আন্তঃব্যক্তিক আকর্ষণের কোন কোন উপাদান বিদ্যমান বর্ণনা করো।

ঘ. দৃশ্যকল্প-২ এ প্রদত্ত "লাবিবার সাফল্যের জন্য সামাজিকীকরণে একাধিক মাধ্যমের প্রভাব বিদ্যমান"- উক্তিটি মূল্যায়ন করো।

৬. মুন্নী-দ্বাদশ শ্রেণিতে অধ্যয়ন করছে। কিন্তু তার আচরণ খুবই আক্রমণাত্মক। মনোবিজ্ঞানীরা মনে করেন জন্মগত কারণেই মানুষ এরূপ আচরণ করে থাকে। তানহা ও জিনাত সহপাঠী। দুইজনই মেধাবী। এই কারণে তাদের দুইজনের সম্পর্ক খুব ভালো। অন্যদিকে তাদের আরেকজন সহপাঠী মিরার গড়ন আকর্ষণীয়। [ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ]

ক. সমাজীকরণের সংজ্ঞা দাও।

খ. পিতা-মাতার অসঙ্গতিপূর্ণ আচরণ শিশুর ব্যক্তিত্বে প্রতিক্রিয়া ফেলে? ব্যাখ্যা করো।

গ. মুন্নীর আগ্রাসনের উৎসটি ব্যাখ্যা করো।

ঘ. আন্তঃব্যক্তিক আকর্ষণের ক্ষেত্রে তানহা জিনাত ও মিরার মধ্যে যে উপাদান দুটি বিদ্যমান তা বিশ্লেষণ করো।

## জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্নের সাজেশন

### ক নং প্রশ্ন (জ্ঞানমূলক)

★★ প্রশ্ন-১. সামাজিকীকরণ কী? [ঢা. বো, রা. বো., চ. বো., ব. বো. ১৮; ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা; ঢাকা সিটি কলেজ; আদমজী ক্যান্টনমেন্ট কলেজ, ঢাকা; ঢাকা ইমপিরিয়াল কলেজ; চট্টগ্রাম সিটি কর্পোরেশন আন্তঃ কলেজ]

** প্রশ্ন-২. কৃষ্টির সংজ্ঞা দাও। [ঢা. বো.; রা. বো.; দি, বো; চ. বো. '১৭]

** প্রশ্ন-৩. আগ্রাসন কী? [কু. বো, সি. বো, য. বো, ব. বো. ১৭; মাইলস্টোন কলেজ, ঢাকা; ভাষা শহীদ আব্দুল জব্বার আনসার ভিডিপি স্কুল এন্ড কলেজ, গাজীপুর]

** প্রশ্ন-৪. পূর্বসংস্কার কী? [কু. বো., সি. বো, য. বো., ব. বো. '১৭]

★★ প্রশ্ন-৫. প্রথা বিরোধিতা কী? [ঢা. বো, চ, বো, দিবো, সি. বো, ব, বো. ১৯; দিবো, কু. বো, সি.বো., য. বো. ১৮; আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা; ঢাকা কলেজ]

** প্রশ্ন-৬. আন্তঃব্যক্তিক আকর্ষণ কী? [রা. বো., কু. বো, য. বো. ১৯; দি বো, কু. বো, সি. বো, য. বো. ১৮]

### খ নং প্রশ্ন (অনুধাবনমূলক)

** প্রশ্ন-১. পিতামাতা কীভাবে শিশুর সমাজীকরণকে প্রভাবিত করতে পারে? [ঢা বো., রা, বো, চ, বো, ব. বো, '১৮]

★★ প্রশ্ন-২. সমাজীকরণকে শিক্ষার্জিত আচরণ বলা হয় কেন? [দি.বো., কু.বো., সি.বো., য. বো. ১৮; ঢাকা কলেজ]

** প্রশ্ন-৩. সমবয়সি দল কীভাবে সমাজীকরণে ভূমিকা রাখে? [ঢা বো.; রা, বো; দি, বো; চ. বো. ১৭]

** প্রশ্ন-৪. সামাজিকীকরণে পরিবারের ভূমিকা কী? [কু. বো, সি. বো, য, বো, য, বো, '১৭]

** প্রশ্ন-৫. স্নেহ ও ভালোবাসা কীভাবে আন্তঃব্যক্তিক আকর্ষণ নির্ণয়কারী উপাদান হিসেবে কাজ করে? [ঢা বো., চ. বো., দি বো, সি. বো, ব. বো, '১৯]

★★ প্রশ্ন-৬. পরিচিতিকে আন্তঃব্যক্তিক আকর্ষণের উপাদান বলা হয় কেন? [রা. বো., কু. বো, য. বো. ১৯]

## সৃজনশীল বহুনির্বাচনি

### বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

**০১. কোন শিক্ষণ প্রক্রিয়ার কারণে অনেকে গান্ধীটুপি, মুজিবকোট, চুলের ছাঁট প্রভৃতি ব্যবহার করে থাকেন?** [সকল বোর্ড ২০১৯; বাংলাদেশ বিমান বাহিনী শাহীন কলেজ, ঢাকা]

ক. প্রাসঙ্গিক শিক্ষণ　খ. ভূমিকা শিক্ষণ
গ. পর্যবেক্ষণগত শিক্ষণ　ঘ. একাত্মীভবন　উ. ঘ

**০২. কোন আচরণ কোনো ব্যক্তি বা অন্য কোনো ব্যক্তির বৈশিষ্ট্য বা গুণাবলিকে নিজের বৈশিষ্ট্য বলে মনে করে?** [সুনামগঞ্জ সরকারি মহিলা কলেজ]

ক. একাত্মীভবন　গ. করণ শিক্ষণ
খ. অনুকরণ　ঘ. প্রাসঙ্গিক শিক্ষণ　উ. ক

**০৩. কোন শিক্ষণে প্রেষণা ছাড়াই শিশুরা অনেক কিছু শেখে?** [বিয়াম মডেল স্কুল ও কলেজ, রংপুর]

ক. ভূমিকা শিক্ষণ　খ. পর্যবেক্ষণ শিক্ষণ
গ. করণ শিক্ষণ　ঘ. প্রাসঙ্গিক শিক্ষণ　উ. ঘ

**০৩. শিশুর শিশুসুলভ আচরণ, বশ্যতা ও অসহায়ত্বের জন্য পিতামাতার কোন ধরনের আচরণ দায়ী?** [সকল বোর্ড ১৯]

ক. প্রত্যাখ্যান
খ. নমনীয়তা ও অনুমোদনশীলতা
গ. অতি সংরক্ষণ
ঘ. অসঙ্গতিপূর্ণ আচরণ　উ. খ

**০৪. শিশুর সামাজিকীকরণের প্রথম ধাপ কোনটি?** [সকল বোর্ড ২০১৮; সেন্ট্রাল উইমেন্স কলেজ, ঢাকা; ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, রংপুর]

ক. পরিবার　খ. খেলার সাথি
গ. শিক্ষা　ঘ. বিদ্যালয়　উ. ক

**০৫. কোন পরিবারের শিশুরা অধিক সামাজিক হয়?** [সকল বোর্ড ২০১৭]

ক. একক　খ. যৌথ
গ. ভগ্ন　ঘ. গ্রামীণ　উ. খ

**০৬. সামাজিকীকরণের মাধ্যমের মধ্যে রয়েছে-** [আজিমপুর গভর্নমেন্ট গার্লস স্কুল এন্ড কলেজ, ঢাকা]
ক. প্রাসঙ্গিক শিক্ষণ খ. অনুকরণ
গ. বিদ্যালয় ঘ. পরিবেশ উ. গ

**০৭. শিশুদের মধ্যে আত্মবিশ্বাস ও নেতৃত্বদানমূলক মনোভাব গড়ে ওঠে-** [রাজশাহী সরকারি সিটি কলেজ]
ক. পরিবারের প্রভাবে
খ. শিক্ষক-শিক্ষিকার প্রভাবে
গ. খেলার সাথী ও বন্ধুর প্রভাবে
ঘ. ভাই-বোনের প্রভাবে উ. গ

**০৮. পরিবারের সম্পর্ক কত প্রকার?** [বরেন্দ্র কলেজ, রাজশাহী]
ক. এক খ. দুই
গ. তিন ঘ. চার উ. গ

**০৯. অসুস্থতায় শিশুর নির্ভরতার জায়গা হলো—** [মহিলা কলেজ, চট্টগ্রাম]
ক. পিতামাতা খ. ভাইবোন
গ. বন্ধুবান্ধব ঘ. শিক্ষক-শিক্ষিকা উ. ক

**১০. কে সামোয়া নামক এক উপজাতির কিশোরদের উপর গবেষণা পরিচালনা করেন?** [রাজবাড়ী সরকারি আদর্শ মহিলা কলেজ]
ক. মার্গারেট মিড গ. ক্রোয়েবার
খ. রুথ বেনেডিক্ট ঘ. আব্রাহাম কার্ডিনার উ. ক

**১২. সমাজের বিভিন্ন উপাদানকে একসূত্রে গ্রথিত করে জীবনযাপনের সামগ্রিক রূপকে বলে-** [ঢাকা সিটি কলেজ]
ক. সামাজিকরণ গ. কৃষ্টি
খ. সামঞ্জস্যতা ঘ. প্রথা উ. গ

**১৩. পাশ্চাত্য দেশের শিশুদের স্নায়বিক রোগের কারণ কোনটি?** [বরেন্দ্র কলেজ, রাজশাহী]
ক. অল্প বয়সে মাতৃস্তন্য থেকে বঞ্চিত
খ. হাঁটতে হাঁটতে দুগ্ধ পান করানো
গ. মাতৃ স্নেহ থেকে বঞ্চিত
ঘ. শয্যামূত্র শিশুকে শাস্তি দেওয়া উ. ক

**১৪. সামাজিক অনুমোদন ও ধারাবাহিকতার লেবেলযুক্ত সামাজিক কার্যকে কী বলে?** [রাজবাড়ী সরকারি আদর্শ মহিলা কলেজ]
ক. আগ্রাসন গ. সামঞ্জস্যতা
খ. প্রথা বিরোধিতা ঘ. যৌন হয়রানি উ. খ

**১৫. প্রচলিত আইনের প্রতি চরম অবজ্ঞা প্রদর্শনের নাম-** [পঞ্চগড় সরকারি মহিলা কলেজ]
ক. আগ্রাসন খ. প্রথা বিরোধিতা
গ. বিফলতা ঘ. হয়রানি উ. খ

**১৬.**



**চিত্রে কোন ধরনের আচরণ প্রকাশ পেয়েছে?** [সকল বোর্ড ২০১৭, বাংলাদেশ বিমান বাহিনী শাহীন কলেজ, ঢাকা]
ক. যৌন হয়রানি খ. প্রথা বিরোধিতা
গ. আগ্রাসন ঘ. আন্তঃব্যক্তিক আকর্ষণ উ. ক

**১৭. আগ্রাসনের সংজ্ঞা দিয়েছেন কে?** [গোয়াইনঘাট ডিগ্রি কলেজ, সিলেট]
ক. শ্লোজবার্গ খ. কেপালডি
গ. মায়ার্স ঘ. ক্রোয়েবার উ. গ

**১৮. বর্তমান বিশ্বের প্রধান সমস্যা কোনটি?** [গোয়াইনঘাট ডিগ্রি কলেজ, সিলেট]
ক. মহামারি খ. সন্ত্রাস
গ. ক্যান্সার ঘ. আগ্রাসন উ. ঘ

**১৯. আগ্রাসন হলো এক ধরনের-** [মহিলা কলেজ, চট্টগ্রাম]
ক. আক্রমণাত্মক আচরণ
খ. মনোসামাজিক শিক্ষালব্ধ আচরণ
গ. সহযোগিতামূলক আচরণ
ঘ. অসহযোগিতামূলক আচরণ উ. ক

**২০. দুই বা ততোধিক ব্যক্তির মধ্যে আন্তঃক্রিয়ার মাত্রা বৃদ্ধি পেলে পারস্পরিক পছন্দের মাত্রাও বেড়ে যায়। এটি আন্তঃব্যক্তিক আকর্ষণের কোন উপাদানের কাজ?** [সকল বোর্ড ২০১৮]
ক. চেহারা খ. পরিচিতি
গ. নৈকট্য ঘ. সাদৃশ্য উ. গ

**২১. আন্তঃব্যক্তিক আকর্ষণের প্রথম উপাদান কোনটি?** [সুনামগঞ্জ সরকারি মহিলা কলেজ]
ক. সাদৃশ্য ও বৈসাদৃশ্য
খ. পরিচিতি
গ. স্নেহ ও ভালোবাসা
ঘ. দৈহিক গড়ন ও চেহারা উ. ঘ

**২২. সমবয়সীদের সাথে খেলাধুলার মাধ্যমে অর্জিত হয়-**
i. নেতৃত্ব
ii. দায়িত্ববোধ
iii. সহযোগিতা
নিচের কোনটি সঠিক? [সকল বোর্ড ২০১৭]
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ. ঘ

**২৩. প্রথা বলতে যে সব আচরণকে বোঝায় যা-**

i. বহু পুরুষ যাবৎ চলে আসছে
ii. যা অতীতেও অনুসৃত হতো
iii. যা বর্তমানে অনুসৃত হয় না

নিচের কোনটি সঠিক? [বরেন্দ্র কলেজ, রাজশাহী]

ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ. ক

**২৪. আগ্রাসন হচ্ছে-** [রাজবাড়ী সরকারি আদর্শ মহিলা কলেজ]

i. জন্মগত প্রবৃত্তি
ii. সামাজিক প্রবৃত্তি
iii. সহজাত প্রবৃত্তি

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ. খ

**২৫. আগ্রাসী আচরণ নিয়ন্ত্রণ করা সম্ভব-**

i. স্নায়ুতন্ত্র তথা মস্তিষ্কের উদ্দীপনাকে বাধাগ্রস্ত করে
ii. শাস্তি প্রদানের ভীতি প্রদর্শন করে
iii. মাদক দ্রব্য ও অস্ত্রের নিয়ন্ত্রণ করে

নিচের কোনটি সঠিক? [রাজশাহী সরকারি সিটি কলেজ]

ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ. ঘ

**২৬. আন্তঃব্যক্তিক আকর্ষণ নিরূপণকারী উপাদান হলো-**

i. নৈকট্য ii. পরিচিতি
iii. উসকানি

নিচের কোনটি সঠিক? [পঞ্চগড় সরকারি মহিলা কলেজ]

ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ. ক

**নিচের উদ্দীপকটি পড় এবং ২৭ ও ২৮ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

রিয়াজ অষ্টম শ্রেণিতে পড়ে। সে ফুটবল খেলতে এবং খেলা দেখতে খুব পছন্দ করে। সে ব্রাজিলের স্ট্রাইকার নেইমার এর মতো চুলের ছাঁট দিয়েছে। [সকল বোর্ড ২০১৮]

**২৭. রিয়াজের মধ্যে কোন ধরনের সামাজিকীকরণ ঘটেছে?**

ক. প্রাসঙ্গিক শিক্ষণ খ. ভূমিকা শিক্ষণ
গ. পর্যবেক্ষণগত শিক্ষণ ঘ. একাত্মীভাবন উ. ঘ

**২৮. উদ্দীপকে উল্লেখিত সামাজিকীকরণ প্রক্রিয়ার বৈশিষ্ট্য হলো-**

i. কোনো ব্যক্তি অন্য কোনো ব্যক্তির গুণাবলিকে নিজের বলে মনে করে
ii. অন্যের আচরণ সম্পূর্ণ নকল করা
iii. অন্যের আচরণকে গভীর ও স্থায়ীভাবে গ্রহণ করা

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ. খ

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ২৯ ও ৩০ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

Dictionary-তে ১টি শব্দের অর্থ খুঁজতে যেয়ে আশপাশের অনেক শব্দ আমাদের চোখে পড়ে এবং সেগুলো শেখা হয়ে যায়। [আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা]

**২৯. উদ্দীপকে সামাজিকীকরণের কোন প্রক্রিয়ার আভাস পাওয়া যায়?**

ক. করণ শিক্ষণ খ. ভূমিকা শিক্ষণ
গ. প্রাসঙ্গিক শিক্ষণ ঘ. সরাসরি শিক্ষণ উ. গ

**৩০. এ ধরনের শিক্ষণ সম্পন্ন হয়-**

i. উদ্দেশ্যমূলক ভাবে
ii. ঘটনাক্রমে
iii. আকস্মিকভাবে

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ. খ

**নিচের উদ্দীপকটি পড়ে ৩১ ও ৩২ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

তানজিম তামান্না ক্লাসে পড়াচ্ছেন। শিশুরা জন্মের পর একটু বড় হলে সমবয়সিদের সাথে খেলায় মেতে উঠে। এর মধ্য দিয়ে সামাজিক আচরণ গড়ে তোলে। তারপর বিদ্যালয়ে যাবার পর সেখানকার নিয়ম-কানুন মেনে চলে। শিক্ষক-শিক্ষিকার নির্দেশ মান্য করে এভাবে তারা সামাজিক শিক্ষণ লাভ করে।

[রাজবাড়ী সরকারি আদর্শ মহিলা কলেজ]

**৩১. উদ্দীপকে সামাজিকীকরণের কোন মাধ্যম ফুটে উঠেছে?**

ক. বিদ্যালয় ও খেলার সাথি
খ. ধর্মীয় শিক্ষা
গ. শিক্ষক ছাত্র-ছাত্রীদের সম্পর্ক
ঘ. পিতা-মাতা ও শিশুর সম্পর্ক কে উ. ক

**৩২. উদ্দীপকে সামাজিকীকরণের যে মাধ্যম প্রকাশ পেয়েছে তার মাধ্যমে অর্জিত হয়-**

i. নেতৃত্ব ii. শৃঙ্খলা
iii. সহমর্মিতা

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ. ঘ

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৩৩ ও ৩৪ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

প্রত্যেকে সমাজের কিছু সুনির্দিষ্ট নিয়ম-কানুন মেনে চলতে হয়। ওয়াংপি এমন একটি সমাজে বাস করত যেখানে সে গৃহস্থালির কাজে আর তার স্ত্রী বাইরের কাজে ব্যস্ত থাকে। তাদের সমাজে কাজের এ পার্থক্য নারী-পুরুষের বৈশিষ্ট্য নয় বরং এটা সামাজিক রীতি। [বিসিআইসি কলেজ, ঢাকা]

**৩৩. ওয়াংপি যে সমাজে বাস করত সেটা কোন ধরনের সমাজ?**

ক. সামোয়া খ. আরাপেশ
গ. চাম্বুলী ঘ. মুন্ডুগুমর উ. গ

**৩৪. উক্ত সমাজে সামাজিক রীতি-নীতি, নিয়ম-কানুনের মধ্যে প্রকাশ পেয়ে কৃষ্টি গড়ে ওঠে যেগুলোর মাধ্যমে-**

i. আচার-আচরণ

ii. বিশ্বাস

iii. পোশাক-পরিচ্ছদ

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii

গ. ii ও iii ঘ. i, ii ও iii উ. ঘ

**নিচের উদ্দীপক পড়ে ৩৫ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

সজীব কানাডায় বেড়াতে এসেছে তার বোনের বাড়িতে, এসেই ভীষণ ঠাণ্ডায় অসুস্থ হয়ে পড়ল। অথচ সে দেশের মানুষের এ ধরনের কোন সমস্যা সচরাচর হচ্ছে না। [হলি ক্রস কলেজ, ঢাকা]

**৩৫. অন্যদের সমস্যা না হওয়ার কারণ-**


ক. কৃষ্টি খ. সামাজিকীকরণ

গ. ব্যক্তিত্ব ঘ. সামঞ্জস্যতা উ. ঘ

## অধ্যায়-৫: মানসিক চাপ ও চাপ মোকাবিলা

### সৃজনশীল রচনামূলক

১. **দৃশ্যকল্প-১:**




**দৃশ্যকল্প-২:** প্রত্যেক ব্যক্তিই মানসিক চাপ মোকাবেলায় সচেতন বা উদাহরণস্বরূপ: অবচেতনে বিভিন্ন কৌশল অবলম্বন করে থাকে। উদাহ আমাদের অতৃপ্ত কামনা বাসনা বা দুঃখমূলক স্মৃতিতে আমরা ইচ্ছাকৃতভাবে মনের গহীনে চাপা দিয়ে থাকি। আবার অনেক সময় আমাদের ব্যর্থতা বা ভুল কৃতকর্মকে প্রতিষ্ঠিত করার জন্য উদ্ভট যুক্তি উপস্থাপনে নিজেকে রক্ষা করতে চাই। এগুলো ভিন্ন ভিন্ন আত্মরক্ষামূলক কৌশল। [ঢাকা, ময়মনসিংহ, রাজশাহী, কুমিল্লা, চট্টগ্রাম, দিনাজপুর, বরিশাল বোর্ড ২০২৫]

ক. মানসিক চাপ কী?

খ. অসহায়ত্ব ক্ষতিকর কেন?

গ. দৃশ্যকল্প-১ এ পরিলক্ষিত দ্বন্দ্বের ব্যাখ্যা কর।

ঘ. দৃশ্যকল্প-২ এ উল্লেখিত আত্মরক্ষামূলক কৌশলগুলো বিশ্লেষণ কর।

২. কোভিড-১৯ মহামারির কারণে দীর্ঘদিন স্কুল বন্ধ থাকায় দীপা নানা ধরনের অসুস্থতা এবং আবেগীয় সমস্যা দেখা দিয়েছে। অপরদিকে তার বোন লিলি ভালো বেতনে একটি চাকরি পেয়েছে, কিন্তু চাকরিস্থল খুবই দুর্গম বন অঞ্চলে। লিলি সিদ্ধান্ত নিতে পারছে না। [দিনাজপুর, কুমিল্লা, যশোর বোর্ড ২০২২, সফিউদ্দিন সরকার একাডেমি এন্ড কলেজ, গাজীপুর]

ক. দ্বন্দ্ব কাকে বলে?

খ. জলে কুমির ডাঙ্গায় বাঘ' কে বিকর্ষণ-বিকর্ষণ দ্বন্দ্বের উদাহরণ বলা হয় কেন?

গ. লিলির মধ্যে পরিলক্ষিত দ্বন্দ্বের বিবরণ দাও।

ঘ. দীপার মধ্যে যে ধরনের চাপমূলক পরিস্থিতির সৃষ্টি হয়েছে তার তুলনামূলক বিশ্লেষণ করো।

৩. দৃশ্যকল্প-১:




**দৃশ্যকল্প-২:** রাহিল কৈশোর অতিক্রম করেছে। এরই মধ্যে পিতা-মাতার বিচ্ছেদ হয়েছে। তাছাড়া শৈশবে তার সামনে সড়ক দুর্ঘটনায় দুই জনের মৃত্যুর ঘটনা তাকে আজও পীড়া দেয়। অন্যদিকে মৌসুমিকে জিপিএ ৫.০০ পাওয়ার জন্য তার মা খুব চাপ দেয়। এ নিয়ে প্রায়ই সে চিন্তিত হয়ে পড়ে।

ক. মানসিক চাপ কী? [ঢাকা সিটি কলেজ]

খ. পরিবেশগত প্রতিবন্ধকতা কীভাবে হতাশা সৃষ্টি করে?

গ. দৃশ্যকল্প-১ এ পরিলক্ষিত দ্বন্দ্ব ব্যাখ্যা করো।

ঘ. রাহিল ও মৌসুমির চাপমূলক অবস্থার তুলনামূলক বিশ্লেষণ করো।

৪. **দৃশ্যকল্প-০১:** এনএস কলেজের ছাত্রী সুমনা উচ্চ মাধ্যমিকে ভালো ফলাফল করায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করে। ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ হলে দেখা যায়, সুমনা মেধা তালিকায় স্থান পেয়েছে। কিন্তু নাটোর বাড়ি থেকে চট্টগ্রাম অনেক দূর হওয়ায় তাঁর চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়া নিয়ে সংশয় আছে।

**দৃশ্যকল্প-০২:** রবিন অনেকদিন আগে এইচএসসি পাস করেছে। বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষায় অংশগ্রহণ করেছে কিন্তু কোথাও চাকুরি পায় নাই । তাই সে চাকুরির আশা ছেড়ে দিয়ে বলতে শুরু করেছে ঘুষ ও বড় পদে আত্মীয়-স্বজন কর্মরত না থাকলে চাকুরি হবে না।' [নবাব সিরাজ উদ-দৌলা সরকারি কলেজ, নাটোর]


ক. দ্বন্দ্বের সংজ্ঞা দাও।

খ. মানসিক চাপ মোকাবেলা করা গুরুত্বপূর্ণ কেন?

গ. সুমনার মধ্যে কোন ধরনের দ্বন্দ্বের উদ্ভব হয়েছে? ব্যাখ্যা করো।

ঘ. উদ্দীপকে রবিন তার অবস্থান বোঝাতে কোন কোন কৌশলের আশ্রয় নিয়েছে? বিশ্লেষণ করো।

**৫. দৃশ্যকল্প-১:**




**দৃশ্যকল্প-২:** মাতাপিতা কর্তৃক প্রত্যাখ্যাত শিশুরা প্রায়ই উগ্রমেজাজী হয়'। ভয়ঙ্কর বা মর্মান্তিক ঘটনার শিকার শিশুরা পরিণত বয়সে দুর্বলচিত্ত ও ক্ষণভঙ্গুর ব্যক্তিত্বের অধিকারী হয়।


ক. হতাশা কী? [চট্টগ্রাম কলেজ]

খ. অত্যধিক উচ্চাশা হতাশা সৃষ্টির জন্য দায়ী কেন?


গ. দৃশ্যকল্প-১ এ 'A' চিহ্নিত হতাশার উৎসটি ব্যাখ্যা করো।

ঘ. দৃশ্যকল্প-২-এ কোন কোন ধরনের মানসিক চাপমূলক পরিস্থিতির কথা উল্লেখ করা হয়েছে। উদাহরণসহ বিশ্লেষণ করো।

**৬. দৃশ্যকল্প-০১:**




**দৃশ্যকল্প-০২:**




[বিএএফ শাহীন কলেজ, শমশেরনগর, মৌলভীবাজার]

ক. হতাশার সংজ্ঞা দাও।

খ. চাপ হ্রাসে সামাজিক সহায়তা গুরুত্বপূর্ণ কেন?

গ. দৃশ্যকল্প-১ এর 'ক' চিহ্নিত অংশটি ব্যাখ্যা করো।

ঘ. দৃশ্যকল্প-২ এর 'গ' ও 'ঙ' এর মধ্যে তুলনামূলক বিবরণ দাও।

## জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্নের সাজেশন

### ক নং প্রশ্ন (জ্ঞানমূলক)

★★ প্রশ্ন-১. হতাশা কী? [ঢাকা, ময়মনসিংহ, রাজশাহী, কুমিল্লা, চট্টগ্রাম, যশোর, বরিশাল বোর্ড ২০২৩]

★★ প্রশ্ন-২. কর্মভার কী? [ঢাকা, ময়মনসিংহ, রাজশাহী, কুমিল্লা, চট্টগ্রাম, যশোর, বরিশাল বোর্ড ২০২৩: বিসিআইসি কলেজ, ঢাকা]

★★ প্রশ্ন-৩, মানসিক চাপ কী? [সফিউদ্দিন সরকার একাডেমি এন্ড কলেজ, গাজীপুর]

★★ প্রশ্ন-৪. মানসিক চাপ কেন সৃষ্টি হয়? [রাজবাড়ী সরকারি আদর্শ মহিলা কলেজ]

★★ প্রশ্ন-৫. দ্বন্দ্বের সংজ্ঞা দাও। [নবাব সিরাজ উদ-দৌলা সরকারি কলেজ, নাটোর]

### খ নং প্রশ্ন (অনুধাবনমূলক)

★★ প্রশ্ন-১. চাপ হ্রাসে সামাজিক সহায়তা গুরুত্বপূর্ণ কেন? [ঢাকা, ময়মনসিংহ, রাজশাহী, কুমিল্লা, চট্টগ্রাম, যশোর, বরিশাল বোর্ড ২০২৩]

★★প্রশ্ন-২. "জলে কুমির ডাঙ্গায় বাঘ" — কে বিকর্ষণ-বিকর্ষণ দ্বন্দ্ব বলা হয় কেন? [ঢাকা, ময়মনসিংহ, রাজশাহী, কুমিল্লা, চট্টগ্রাম, যশোর, বরিশাল বোর্ড ২০২৩; বিসিআইসি কলেজ, ঢাকা]

★★ প্রশ্ন-৩. শৈশবকালে স্নেহ ভালোবাসার বঞ্চনা কীভাবে মানসিক চাপ সৃষ্টি করে তা ব্যাখ্যা করো। [রাজশাহী সরকারি সিটি কলেজ উত্তর]

★★ প্রশ্ন-৪. কর্মভার কিভাবে মানসিক চাপ সৃষ্টি করে? [সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া]

★★ প্রশ্ন-৫. অত্যধিক উচ্চাশা হতাশা সৃষ্টির জন্য দায়ী কেন? [চট্টগ্রাম কলেজ]

## সৃজনশীল বহুনির্বাচনি

### বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

**০১. নিচের কোনটি মানসিক চাপ মোকাবেলার আত্মরক্ষামূলক কৌশল?** [সকল বোর্ড ২৩]

ক) পশ্চাদপসারণ খ) অবদমন

গ) সমঝোতা

ঘ) চাপমূলক পরিস্থিতির পুনর্মূল্যায়ন উঃ খ

**০২. কর্মভারকে সাধারণত কয় ভাগে ভাগ করা হয়েছে?** [সকল বোর্ড ২৩]

ক) ২ খ) ৪

গ) ৬ ঘ) ৮ উঃ ক

**০৩. নিচের কোনটি কর্মভারের মানসিক লক্ষণ?**

ক) শ্বাস-প্রশ্বাস দ্রুত হওয়া [সকল বোর্ড '২২]

খ) তৃষ্ণা অনুভব করা

গ) প্রেষণা হ্রাস পাওয়া

ঘ) চোখে ব্যথা অনুভব করা উঃ গ

**০৪. পঙ্গুত্ব, হতাশার কোন ধরনের উৎসঃ** [সকল বোর্ড '২২]

ক) পরিবেশগত খ) ব্যক্তিগত


গ) দ্বন্দ্বমূলক ঘ) মানসিক চাপমূলক উঃ খ

**০৫. দরিদ্রতার কারণে পিতা কন্যাকে সৎপাত্রে দান করতে ব্যর্থ হয়ে খুব মনোকষ্টে আছেন। এটি হতাশার কোন ধরনের উৎস?** [সকল বোর্ড ১৯]

ক) পরিবেশগত খ) ব্যক্তিগত

গ) সামাজিক বাধা ঘ) দ্বন্দ্ব উঃ খ

০৬.




এটি কীসের চিত্র? [সকল বোর্ড ১৯]

ক) দ্বন্দ্ব খ) হতাশা
গ) মানসিক চাপ ঘ) কর্মভার উঃ খ

**০৭. মানুষের আচরণে নেতিবাচক প্রভাব বিস্তার করে কোনটি?** [ঢাকা সিটি কলেজ]
ক) মানসিক চাপ খ) স্নায়বিক চাপ
গ) দ্বন্দ্ব ঘ) সামাজিক ঘটনা উঃ ক

**০৮. অধিক আবেগপূর্ণ অবস্থায় দ্বন্দ্বমূলক পরিস্থিতিতে মানুষ বা প্রাণী উভয়ের মধ্যে কোনটি সৃষ্টি হয়?** [বিয়াম মডেল স্কুল ও কলেজ, রংপুর]
ক) হতাশার খ) অসহায়ত্বের
গ) মানসিক চাপের ঘ) ব্যর্থতার উঃ গ

**০৯. নিচের কোনটি মানসিক চাপ সৃষ্টিকারী উদ্দীপক?** [তেজগাঁও মহিলা কলেজ, ঢাকা]
ক) অসহায়ত খ) সিদ্ধান্তগত সমস্যা
গ) মানসিক সমস্যা ঘ) একীভবন উঃ ক

**১০. হতাশার প্রতিক্রিয়াকে কয় ভাগে ভাগ করা হয়েছে?** [নৌবাহিনী কলেজ, ঢাকা]
ক) দুই খ) চার
গ) তিন ঘ) পাঁচ উঃ ক

**১১. বিশ্ববিদ্যালয়ের ছাত্র অর্থের অভাবে পড়াশোনার খরচ চালাতে না পেরে বিভিন্ন অসামাজিক কর্মকাণ্ডে জড়িয়ে পড়ে। এটি হতাশার কোন ধরনের উৎস?** [সকল বোর্ড ১৮]
ক) ব্যক্তিগত খ) দ্বন্দ্ব
গ) অত্যধিক উচ্চাশা ঘ) পরিবেশগত উঃ ঘ

**১২. নিজের ব্যর্থতার জন্য অন্য ব্যক্তি বা বস্তুকে দায়ী করাকে বলে-** [সকল বোর্ড ১৭]
ক) প্রতিক্রিয়া সংগঠন খ) প্রত্যাবৃত্তি
গ) অপব্যাখ্যান ঘ) প্রতিক্ষেপণ উঃ ঘ

**১৩. যাত্রাপথে গাড়ি নষ্ট হয়ে যাওয়া কোন ধরনের হতাশার উৎস?** [বিএএফ শাহীন কলেজ, শমশেরনগর, মৌলভীবাজার]
ক) ব্যক্তিগত খ) দ্বন্দ্বগত
গ) সমষ্টিগত ঘ) পরিবেশগত উঃ ঘ

**১৪. হরতালের জন্য বন্ধুর বিয়েতে যেতে না পারলে তা হতাশার কোন ধরনের উৎস?** [ক্যান্টনমেন্ট কলেজ, কুমিল্লা]
ক) পরিবেশগত খ) ব্যক্তিগত
গ) কর্মভার ঘ) দ্বন্দ্ব উঃ ক

**১৫. কোনটিকে মানসিক চাপের প্রধান কারণ হিসেবে বিবেচনা করা যায়?** [ইস্পাহানী পাবলিক স্কুল ও কলেজ, চট্টগ্রাম]
ক) প্রতিযোগিতা খ) দ্বন্দ্ব
গ) কর্মভার ঘ) হতাশা উঃ ঘ

**১৬. দীর্ঘক্ষণ কাজ করার পর কোনটির সৃষ্টি হয়?** [ভেড়ামারা সরকারি কলেজ, কুষ্টিয়া]
ক) বিরক্তি খ) একঘেয়েমি
গ) অবসাদবোধ ঘ) নিস্তেজভাব উঃ গ

**১৭. অবদমন চাপ সামলানোর কোন ধরনের কৌশল?** [সকল বোর্ড ১৮]
ক) পশ্চাদপসরণ খ) সমঝোতা
গ) চাপমূলক পরিস্থিতির পুনর্মূল্যায়ন
ঘ) আত্মরক্ষামূলক কৌশল উঃ ঘ

**১৮. হতাশার উৎস-** [সকল বোর্ড ২৩]
i. পরিবেশগত ii. ব্যক্তিগত
iii. দ্বন্দ্ব
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii উঃ ঘ

**১৯. কর্মভার বলতে ব্যক্তির যে অবস্থাগুলোকে বোঝায়—** [ঢাকা সিটি কলেজ]
i. দীর্ঘক্ষণ কাজের ফলে সৃষ্ট অবসাদবোধ
ii. পালাক্রমিক কাজ
iii. কর্মক্ষমতা হ্রাস পাওয়া
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii উঃ খ

**২০. কর্মভারের লক্ষণ-** [শহীদ বীর-উত্তম লেঃ আনোয়ার গার্লস, কলেজ, ঢাকা]
i. শরীর অবশ হওয়া ii. কাজে খেয়াল না থাকা
iii. ধীরে শ্বাস-প্রশ্বাস
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii উঃ ক

**২১. মানসিক চাপ থেকে সৃষ্ট রোগ —** [গাংনী সরকারি ডিগ্রি কলেজ, মেহেরপুর]
i. ডায়াবেটিকস্ ii. হ্যাট অ্যাটাক
iii. রক্ত চাপ বৃদ্ধি
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii উঃ গ

**২২. লিয়ার প্রতিক্রিয়ায় যেটা প্রকাশ পায় তার উৎস-**
i. পরিবেশগত ii. ব্যক্তিগত
iii. দ্বন্দ্ব
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii উঃ ঘ

**২৩. আত্মরক্ষার কৌশল —** [সকল বোর্ড ২২]
i. অবদমন ii. সামাজিক সহায়তা iii. প্রত্যাহার

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii

গ) ii ও iii ঘ) i, ii ও iii উঃ খ

**২৪. চাপমূলক পরিস্থিতির উৎস-**

i. হতাশা ii. কর্মভার

iii. দ্বন্দ্ব

**নিচের কোনটি সঠিক?** [গোয়াইনঘাট ডিগ্রি কলেজ, সিলেট]

ক) i ও ii খ) i ও iii

গ) ii ও iii ঘ) i, ii ও iii উঃ ঘ

**উদ্দীপকটি পড়ো এবং ২৫ ও ২৬ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

লিয়ার আজ শেষ পরীক্ষা। পরীক্ষা দিয়ে আগামীকাল সে পরিবারের সাথে প্যারিস যাবে ভ্রমণের জন্য, কিন্তু ক্যাম্পাসে রাজনৈতিক অস্থিরতার কারণে পরীক্ষা অনির্দিষ্টকালের জন্য বাতিল হয়। ফলে তার ভ্রমণে যাওয়া হলো না। এজন্য সে রাগ, দুঃখ, ক্ষোভ প্রকাশ করে। [রাজশাহী সরকারি সিটি কলেজ]

**২৫. লিয়ার প্রতিক্রিয়ায় কোনটি প্রকাশ পায়?**

ক) কর্মভার খ) হতাশা


গ) দাঙ্গা-হাঙ্গামা ঘ) দ্বন্দ্ব উঃ খ

**২৬. কর্মের প্রতি আগ্রহ হ্রাস পাওয়াকে কী বলে?**

ক) দুর্বলতা খ) কর্মবিমুখতা

গ) অবসাদবোধ ঘ) কর্মভার উঃ ঘ

**নিচের চিত্রের আলোকে ২৭ এবং ২৮ নম্বর প্রশ্নের উত্তর**




[সকল বোর্ড ২০২২]

**২৭. চিত্রে কোন ধরনের দ্বন্দ্বের ইঙ্গিত করা হয়েছে?**

ক) আকর্ষণ আকর্ষণ দ্বন্দ্ব

খ) বিকর্ষণ-বিকর্ষণ দ্বন্দ্ব

গ) আকর্ষণ-বিকর্ষণ দ্বন্দ্ব

ঘ) দ্বিগুণ আকর্ষণ-বিকর্ষণ দ্বন্দ্ব উঃ গ

**২৮. চিত্রে নির্দেশিত দ্বন্দ্বে লক্ষণীয়-**

i. একটি লক্ষ্যবস্তু থাকবে

ii. আকর্ষণীয় ও বর্জনীয় উভয় লক্ষ্যবস্তুতে বিদ্যমান

iii. ব্যক্তির মধ্যে হতাশার জন্ম দেয়

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii

গ) ii ও iii ঘ) i, ii ও iii উঃ ঘ

**নিচের চিত্রের আলোকে ২৯ ও ৩০ নম্বর প্রশ্নের উত্তর দাও:**




[সকল বোর্ড ২৩]

**২৯. চিত্রে কোন ধরনের দ্বন্দ্বের ইঙ্গিত করা হয়েছে?**

ক) আকর্ষণ আকর্ষণ দ্বন্দ্ব খ) বিকর্ষণ-বিকর্ষণ দ্বন্দ্ব উঃ খ

গ) আকর্ষণ-বিকর্ষণ দ্বন্দ্ব ঘ) দ্বিগুণ আকর্ষণ-বিকর্ষণ দ্বন্দ্ব

**৩০. চিত্রে নির্দেশিত দ্বন্দ্বে লক্ষণীয়-**

i. দু'টি অপ্রীতিকর লক্ষ্যবস্তু

ii. দু'ধরনের আচরণ

iii. আচরণ ও চিন্তায় দোদুল্যমানতা

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii

গ) ii ও iii ঘ) i, ii ও iii উঃ ঘ

**নিচের উদ্দীপকটি পড়ে ৩১ ও ৩২ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

একজন মহিলা পরপর দুটি মেয়েসন্তান জন্মদানের পর তৃতীয় সন্তানটিও মেয়ে হওয়ায় খুব কষ্ট পেলেও ওই মেয়েসন্তানকে বেশি করে আদরে আদরে ভরিয়ে তোলেন। [সকল বোর্ড ১৯]

**৩১. উদ্দীপকে মহিলাটির কোন ধরনের আত্মরক্ষামূলক কৌশলের কথা বলা হয়েছে?**

ক) প্রতিক্রিয়া সংঘটন খ) অপব্যাখ্যান

গ) প্রতিক্ষেপণ ঘ) অবদমন উঃ ক

**৩২. মহিলার এরকম আচরণের কারণ—**

i. অবদমিত ইচ্ছাকে অস্বীকার করার জন্য বিপরীত মনোভাব প্রকাশ

ii. নিজের ব্যর্থতার জন্য বাইরের কাউকে দায়ী করা

iii. নিজের কষ্টকে ভুলে থাকা

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii

গ) ii ও iii ঘ) i, ii ও iii উঃ খ

## অধ্যায়-৬: মূল্যবোধ

### সৃজনশীল রচনামূলক

১. জনাব সালাম ব্যতিক্রমধর্মী এবং গবেষণাধর্মী কাজে প্রবল আগ্রহবোধ করেন। তিনি জ্ঞান অন্বেষণে প্রবল উৎসাহী ও মনোযোগী। অন্যদিকে, জনাব রহমান খুবই মিশুক এবং পরোপকারী। তিনি অত্যন্ত সৎ এবং কর্তব্যপরায়ণ। পরকালীন কল্যাণ কামনায় তিনি ইহকালীন সুখ। বিসর্জন দিতে সদা তৎপর। [ঢাকা, রাজশাহী, দিনাজপুর, কুমিল্লা, চট্টগ্রাম, বরিশাল ও ময়মনসিংহ বোর্ড ২০২৫]

ক. মূল্যবোধ গঠনের প্রধান মাধ্যম কী?

খ. মূল্যবোধ কীভাবে সমাজের চালিকাশক্তি হিসাবে কাজ করে?

গ. জনাব সালামের মূল্যবোধ ব্যাখ্যা কর।

ঘ. 'জনাব রহমান একাধিক মূল্যবোধ লালন করেন'- উক্তিটি বিশ্লেষণ কর।

২.



[যশোর, সিলেট বোর্ড ২০২৫]

ক. Edward Spranger মূল্যবোধকে কয়ভা ভাগ করেছেন?

খ. মূল্যবোধকে সমাজের চালিকা শক্তি বলা হয় কেন?

গ. ব্যক্তি মূল্যবোধ গঠনে দৃশ্যকল্প '১' এর চিত্রটি কীভাবে ভূমিকা রাখে?

ঘ. দৃশ্যকল্প-২ এ উল্লেখিত দিয়ার মূল্যবোধগুলো বিশ্লেষণ কর।

৩. জেরিন সবকিছুতেই সৌন্দর্য খুঁজে বেড়ায়। সে ছবি আঁকে, গান গায় । তার বাবা হারুন সাহেব একজন আদর্শ শিক্ষক। তিনি গ্রামের সকল মানুষকে ভালোবাসেন এবং বিপদে সাহায্য করেন। তিনি নিজের কথা কখনো চিন্তা করেন না। তিনি গ্রামে একটা স্কুল ও মসজিদ স্থাপন করেছেন। [দিনাজপুর, কুমিল্লা, যশোর বোর্ড ২০২২]

ক. মূল্যবোধের সংজ্ঞা দাও।

খ. সমাজ ও কৃষ্টি কীভাবে মূল্যবোধ গঠনে সাহায্য করে?

গ. জেরিনের মধ্যে কোন ধরনের মূল্যবোধ লক্ষ করা যায়? ব্যাখ্যা কর।

ঘ. হারুন সাহেবের মধ্যে একাধিক মূল্যবোধ লক্ষ্যণীয়- এ ব্যাপারে তোমার মতামত দাও।

৪. দৃশ্যকল্প-১: সোলায়মান সাহেব একজন ব্যবসায়ী। তার কাছে পণ্যের গুণাগুণের চেয়ে টাকার গুরুত্ব বেশি। তিনি প্রায়ই নিম্নমানের পণ্য বাজারজাত করেন।

দৃশ্যকল্প-২: সৃজন সাহেবের পরিবারে ৪ জন সদস্য। পিতামাতার সাথে সন্তানদের সুসম্পর্ক রয়েছে। তাদের ছেলেমেয়েরা মা-বাবাকে বেশি অনুসরণ করে এবং মূল্যবোধগুলো তাদের জীবনে প্রতিফলিত হয়।

[রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]

ক. তাত্ত্বিক মল্যবোধ কী?

খ. মূল্যবোধ ও মনোভাব একে অপরের সাথে গভীর ভাবে সম্পর্কযুক্ত কেন?

গ. দৃশ্যকল্প: ১-এ সোলায়মান সাহেবের মূল্যবোধ ব্যাখ্যা করো।

ঘ. দৃশ্যকল্প-২-এ মূল্যবোধ গঠনের মাধ্যম উল্লেখপূর্বক মানব আচরণে এর প্রভাব ব্যাখ্যা করো।

৫. আনোয়ার, তানভীর এবং সাইফুল তিন বন্ধু কলেজে পড়ে। আনোয়ার বইয়ের পোকা। কয়েকদিন পর পরই তার নতুন বই কেনা চাই। অন্যদিকে তানভীর সবার সাথে মিশতে পছন্দ করে। সে প্রায়ই তার বন্ধুদের সাথে টিফিন শেয়ার করে এবং প্রয়োজনের সময় বই ধার দেয়। আর সাইফুল কলেজের ছাত্র সংসদের ভিপি হওয়ার জন্য সর্বদা মিটিং মিছিল নিয়ে ব্যস্ত থাকে। [বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ, ঢাকা]

ক. মূল্যবোধ কী?

খ. মূল্যবোধ সমাজের চালিকা শক্তি—ব্যাখ্যা দাও।

গ. আনোয়ারের মধ্যে কোন ধরনের মূল্যবোধের প্রকাশ ঘটেছে? ব্যাখ্যা করো।

ঘ. তানভীর ও সাইফুলের মূল্যবোধ একই ধরনের—এ উক্তিটির যথার্থতা মূল্যায়ন করো।

৬. জনাব আবু রায়হান একজন পরোপকপারী ব্যক্তি। সমাজের সকলের সুখে-দুঃখে তিনি ভূমিকা রাখেন। সমাজের মানুষের কল্যাণে সামাজিক শৃঙ্খলা রক্ষায় তিনি নিজ স্বার্থ বিসর্জন দিয়ে কাজ করেন। আবু রায়হানের চাচাতো ভাই আবু আয়মানও একজন সামাজিক মানুষ। তিনিও সমাজের মানুষের সুখে-দুঃখে পাশে থাকেন, মানুষের সেবা করতে চান। কিন্তু তিনি মনে করেন মানুষের সেবা করার জন্য ক্ষমতায় অধিষ্ঠিত হওয়া জরুরি। বয়সে ছোট হলেও তিনি অনেক সময় আবু রায়হান সাহেবের উপরও প্রভাব বিস্তার করে থাকেন। তবে আবু আয়মান একজন সৌন্দর্যপ্রিয় ও শিল্পমনা ব্যক্তিও বটে। তিনি সবসময়ই পরিপাটি থাকেন এবং সন্তানদেরও সেভাবে রাখতে পছন্দ করেন। [তেজগাঁও মহিলা কলেজ, ঢাকা]

ক. মূল্যবোধ কী?

খ. সামাজিক মূল্যবোধ গুরুত্বপূর্ণ কেন?

গ. জনাব আবু রায়হান কোন ধরনের মূল্যবোধসম্পন্ন? ব্যাখ্যা করো।

ঘ. উদ্দীপকে উল্লিখিত আবু আয়মানের বৈশিষ্ট্যে কোন কোন মূল্যবোধ লক্ষ করা যায়? যুক্তিসহ বিশ্লেষণ করো।

৭. রাসেল একজন ব্যবসায়ী। সে প্রচুর অর্থ উপার্জন করে। তার কাছে নৈতিকতার চেয়ে অর্থের মূল্য অনেক বেশি অপর দিকে রাসেলের বন্ধু সাইফুল একজন ব্যবসায়ী। সেও অর্থ উপার্জনে বিশ্বাসী। তবে ধর্মীয় মূল্যবোধকে কেন্দ্র করে। ধর্মীয় নীতিবোধ তার প্রধান আকর্ষণ। [রাজশাহী সরকারি সিটি কলেজ]

ক. কোন সমাজবিজ্ঞানী ছয় ধরনের মূল্যবোধের কথা উল্লেখ করেছেন?

খ. মূল্যবোধ বলতে কী বোঝ?

গ. রাসেলের মধ্যে কোন ধরনের মূল্যবোধের পরিচয় পাওয়া যায়? ব্যাখ্যা করো।

ঘ. সাইফুলের মূল্যবোধ কি অর্থনৈতিক নাকি ধর্মীয় উত্তরের স্বপক্ষেতোমার মত বিশ্লেষণ করো।

৮. রাকিব প্রতিবেশীদের প্রয়োজনে সবার আগে এগিয়ে আসে। রাকিবের বাবা মি. রহমান নীতি এবং আদর্শের প্রশ্নে আপোষহীন। তিনি জ্ঞানীর মনোভাব গ্রহণ করে অন্যের উপর প্রভাব বিস্তার করতে চান। [চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ]

ক. মূল্যবোধ কী?

খ. ধর্মীয় মূল্যবোধ গুরুত্বপূর্ণ কেন?

গ. উদ্দীপকে রাকিব কোন মূল্যবোধসম্পন্ন? ব্যাখ্যা করো

ঘ. উদ্দীপকে মি. রহমানের মূল্যবোধগুলো বিশ্লেষণ করো

## জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্নের সাজেশন

### ক নং প্রশ্ন (জ্ঞানমূলক)

★★ প্রশ্ন-১. মূল্যবোধ গঠনের প্রধান মাধ্যম কোনটি? [ঢাকা, ময়মনসিংহ, রাজশাহী, কুমিল্লা, চট্টগ্রাম, যশোর, বরিশাল বোর্ড ২০২৩]

★★ প্রশ্ন-২. ধর্মীয় মূল্যবোধ কী? [দিনাজপুর, সিলেট বোর্ড ২০২৩]

★★ প্রশ্ন-৩. তাত্ত্বিক মূল্যবোধ কী? [আদমজী ক্যান্টনমেন্ট কলেজ, ঢাকা]

★★ প্রশ্ন-৪. কোন সমাজবিজ্ঞানী ছয় ধরনের মূল্যবোধের কথা উল্লেখ করেছেন? [রাজশাহী সরকারি সিটি কলেজ]

★★ প্রশ্ন-৫. সামাজিক মূল্যবোধ কী? [পুলিশ লাইন্স স্কুল এন্ড কলেজ, রংপুর]

### খ নং প্রশ্ন (অনুধাবনমূলক)

★★ প্রশ্ন-১. ধর্মীয় মূল্যবোধ গুরুত্বপূর্ণ কেন? [ঢাকা, ময়মনসিংহ, রাজশাহী, কুমিল্লা, চট্টগ্রাম, যশোর, বরিশাল বোর্ড ২০২৩]

★★ প্রশ্ন-২. মূল্যবোধ গঠনে সমবয়সী দলের ভূমিকা কী? [হলি ক্রস কলেজ, ঢাকা]

★★ প্রশ্ন-৩. মূল্যবোধ সমাজের চালিকা শক্তি-ব্যাখ্যা দাও। [বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ, ঢাকা]

★★ প্রশ্ন-৪, অর্থনৈতিক মূল্যবোধ গঠনের ক্ষেত্রে যে মাধ্যমগুলো কাজ করেছে তার গুরুত্ব ব্যাখ্যা করো। [সফিউদ্দিন সরকার একাডেমি এন্ড কলেজ, গাজীপুর]

★★ প্রশ্ন-৫. বিদ্যালয়কে মূল্যবোধ গঠনের মাধ্যমে বলা হয় কেন? [পুলিশ লাইন্স স্কুল এন্ড কলেজ, রংপুর]

## সৃজনশীল বহুনির্বাচনি

### বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

০১. একটি অযোগ্যতা আড়াল করার জন্য ব্যক্তির অন্য কোনো যোগ্যতা উত্তমরূপে উপস্থপিত করা নিচের কোন কৌশলের অন্তর্ভুক্ত? [সকল বোর্ড ২৫]

ক) রূপান্তর খ) প্রতিক্রিয়া গঠন
গ) অপব্যাখ্যান ঘ) ক্ষতিপূরণ উঃ ঘ

**০২. এড্ওয়ার্ড স্প্রেঞ্জার এর মতে, মূল্যবোধ কয় ধরনের?** [সকল বোর্ড: ২৩]

ক) ২ খ) ৪
গ) ৬ ঘ) ৮ উ; গ

**০৩. মূল্যবোধ গঠনের প্রধান মাধ্যম হলো—** [সকল বোর্ড '২২]

ক) পরিবার খ) বিদ্যালয়
গ) সমবয়সী দল ঘ) সমাজ ও কৃষ্টি উঃ ক

**০৪. প্রভাবেই ব্যক্তি তার ইচ্ছাকে একটি বিশেষ মানদণ্ডে দাঁড় করায়, যা তার জীবনে প্রতিফলিত হয়।** [রাজশাহী সরকারি সিটি কলেজ]

ক) সামাজিকীকরণের খ মূল্যবোধের
গ) সমাজের ঘ) পরিবারের উঃ খ

**০৫. তাত্ত্বিক মূল্যবোধের বিপরীত মূল্যবোধ কোনটি?** [পুলিশ লাইন্স স্কুল এন্ড কলেজ, রংপুর]

ক) সামাজিক মূল্যবোধ খ) অর্থনৈতিক মূল্যবোধ
গ) ধর্মীয় মূল্যবোধ ঘ) সৌন্দর্যবোধ মূল্যবোধ উঃ গ

**০৬. নান্দনিক মূল্যবোধ সম্পন্ন ব্যক্তিরা –** [সকল বোর্ড '২৩]

ক) সত্যের পিছনে ছুটে চলে
খ) সর্বদা নেতৃত্ব প্রদান করতে চায়
গ) পরার্থপর হয়
ঘ) সৌন্দর্যবোধের প্রতি অধিকতর পূজারী উঃ ঘ

**০৭. শিশুর প্রথম মানসিক জগৎ কোথায় প্রস্তুত হয়?** [চট্টগ্রাম সিটি কর্পোরেশন আন্তঃ কলেজ]

ক) বিদ্যালয়ে খ) সমবয়সী দলে
গ) পরিবারে ঘ) সমাজে উঃ গ

**০৮. শিশুর মূল্যবোধ গঠনে শক্তিশালী ভূমিকা পালন করে কোনটি?** [সরকারি সুন্দরবন আদর্শ কলেজ, খুলনা]

ক) কমিউনিটি খ) সমাজ
গ) কৃষ্টি ঘ) সমবয়সী উঃ ঘ

**০৯. নিচের কোনটি মূল্যবোধের ধারক?** [গাংনী সরকারি ডিগ্রি কলেজ, মেহেরপুর]

ক) কৃষ্টি খ) প্রথা
গ) বিশ্বাস ঘ) সততা উঃ ক

**১০. মূল্যবোধের বৈশিষ্ট্য—** [সকল বোর্ড ২২]

i. সংখ্যায় অসীম ii. সমাজের চালিকাশক্তি
iii. স্বাধীনভাবে গঠিত

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii উঃ গ

**১১. অর্থনৈতিক মূল্যবোধ সম্পন্ন ব্যক্তিরা-** [সকল বোর্ড ২৩]

i. আগাগোড়াই বাস্তববাদী
ii. সৃজনশীল কর্মকাণ্ডে বিশ্বাসী
iii. সবসময়ই মিতব্যয়ী

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii উঃ খ

**১২. তাত্ত্বিক মূল্যবোধ সম্পন্ন ব্যক্তিরা** [সকল বোর্ড '২২]

i. সত্য ঘটনা উদ্‌ঘাটনে আগ্রহী
ii. সৃজনশীল কর্মকাণ্ডে বিশ্বাসী
iii. সুবিন্যস্ত জ্ঞান ও সুসংহত বিষয়ের প্রতি আবদ্ধ

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii  উঃ ঘ

**নিচের উদ্দীপকটি পড় এবং ১৩ ও ১৪ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

মীরা ৪র্থ শ্রেণির শিক্ষার্থী। সে তার সঙ্গীদল বা খেলার সাথীদের সাথে সময় কাটাতে খুব পছন্দ করে। পক্ষান্তরে, সোহান তার শিক্ষকের আচর-আচরণ, চিন্তাধারা অনুসরণ করে এবং পারিপার্শ্বিক পরিবেশ থেকেও অনেক কিছু শিখে থাকে। [সকল বোর্ড '২৩]

**১৩. উদ্দীপকে মীরার মূল্যবোধ গঠনে কোন মাধ্যমের কথা বলা হয়েছে?**

ক) সমবয়সী দল  খ) সমাজ ও কৃষ্টি
গ) পরিবার  ঘ) শিক্ষা প্রতিষ্ঠান  উঃ ক

**১৪. সোহানের মূল্যবোধ গঠনে কোন কোন মাধ্যম এর প্রভাব লক্ষণীয়?**

i. পরিবার  ii. বিদ্যালয়  iii. কমিউনিটি

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii  উঃ গ

**নিচের উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

আরিফ এবং শরীফ দুই ভাই। আরিফ সকল মানুষকে ভালোবাসেন। তিনি অপরের সেবায় নিজেকে নিয়োজিত রাখতে পছন্দ করেন। অন্যদিকে শরীফ সাহেবও অপরের সেবা করতে চান। তবে তিনি মনে করেন, অপরের সেবা করতে হলে ক্ষমতায় অধিষ্ঠিত হওয়া জরুরি। [সকল বোর্ড ১৯]

**১৫. আরিফ কোন মূল্যবোধসম্পন্ন?**

ক) তাত্ত্বিক  খ) অর্থনৈতিক
গ) সামাজিক  ঘ) রাজনৈতিক  উঃ গ

**১৬. শরীফ সাহেবের মূল্যবোধের বৈশিষ্ট্য হলো-**

i. ভালো বক্তব্য রাখতে পারদর্শী
ii. অন্যের ওপর প্রভাব খাটানোর প্রবণতা
iii. চাওয়া পাওয়ার আকাঙ্ক্ষা তুলনামূলকভাবে কম

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii  উঃ ক

**নিচের উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

আকমল সাহেব একজন বাস্তববাদী ব্যক্তি। তিনি সবসময় মিতব্যয়ী। তিনি বিলাসিতা একদম পছন্দ করেন না। পক্ষান্তরে, আজমল সাহেব সকল ধরনের মানুষের সাথে বন্ধুত্ব ও প্রীতির সম্পর্ক গড়ে তুলতে চান। তিনি মানুষকে ভালোবাসার মধ্যেই জীবনের মূল্যবোধ খোঁজেন। [সকল বোর্ড '২২]

**১৭. আকমল সাহেব কোন ধরনের মূল্যবোধসম্পন্ন?**

ক) তাত্ত্বিক  খ) সামাজিক
গ) অর্থনৈতিক  ঘ) রাজনৈতিক  উঃ গ

**১৮. আজমল সাহেবের মূল্যবোধে লক্ষণীয়—**

i. অর্থক্ষমতা  ii. পরার্থপরতা
iii. সহানুভূতিশীলতা

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii  উঃ গ

**নিচের উদ্দীপকটি পড় এবং ১৯ ও ২০ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

জনাব আবছার বাস্তবতার চেয়ে আধ্যাত্মিকতায় অধিক মনোযোগী। সুখে- দুঃখে সবসময়ই তিনি স্রষ্টার প্রতি কৃতজ্ঞ থাকেন। [সকল বোর্ড ১৮]

**১৯. জনাব আবছার কোন ধরনের মূল্যবোধসম্পন্ন?**

ক) তাত্ত্বিক  খ) সামাজিক
গ) ধর্মীয়  ঘ) রাজনৈতিক  উঃ গ

**২০. জনাব আবছারের মূল্যবোধের বৈশিষ্ট্য হলো—**

i. বিমূর্ত ধারণার অধিকারী
ii. সৃষ্টির উৎস সম্বন্ধে জানতে আগ্রহী
iii. প্রকৃতির মাঝে সৌন্দর্য খুঁজে বেড়ায়

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii  উঃ ক

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ২১ ও ২২ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

কামরান তার ভাই এমরানের মতো বাস্তববাদী নয়, নতুনের প্রতি আগ্রহী নয়। অজানাকে জানতে চায় না। কিন্তু কামরান সর্বদা জাঁকজমকপূর্ণ ও আকর্ষণীয় হয়ে থাকতে বেশি পছন্দ করে। [গোয়াইনঘাট ডিগ্রি কলেজ, সিলেট]

**২১. কামরানের মধ্যে কোন ধরনের মূল্যবোধ রয়েছে?**

ক) রাজনৈতিক  খ) ধর্মীয়
গ) সামাজিক  ঘ) সৌন্দর্যবোধ  উঃ ঘ

**২২. কামরান চরিত্রে যে মূল্যবোধ কাজ করেছে তার বৈশিষ্ট্য—**

i. সৌন্দর্যপিপাসু  iii. সম্মানসূচক
ii. সত্যানুসন্ধানী

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii  উঃ খ

২৩. স্বাধীনতা, ন্যায়নীতি, সততা কিসের উদাহরণ? [সকল বোর্ড ১৮]

ক) মূল্যবোধ  খ) মনোভাব
গ) মতামত  ঘ) পূর্বসংস্কার  উঃ ক


# অধ্যায়-৭: মনোবিজ্ঞানে গবেষণার পদ্ধতিসমূহ

## সৃজনশীল রচনামূলক

১. দৃশ্যকল্প-১:

| লিঙ্গ \ দল | পরীক্ষণ দল | নিয়ন্ত্রিত দল |
|---|---|---|
| পুরুষ | ১০ | ১০ |
| মহিলা | ১৫ | ১৫ |

দৃশ্যকল্প-২:




[ঢাকা, ময়মনসিংহ, রাজশাহী, কুমিল্লা, চট্টগ্রাম, দিনাজপুর, বরিশাল বোর্ড ২০২৫]


ক. প্রকল্প কী?

খ. পরীক্ষণকে বৈজ্ঞানিক পদ্ধতি বলা হয় কেন?

গ. দৃশ্যকল্প-১ এর ছকটি দ্বারা চল নিয়ন্ত্রণের কোন কৌশলটি নির্দেশ করে? বর্ণনা কর।

ঘ. দৃশ্যকল্প-২ এর A ও B বিশ্লেষণ কর।

২.




[ঢাকা, ময়মনসিংহ, রাজশাহী, কুমিল্লা, চট্টগ্রাম, যশোর, বরিশাল বোর্ড ২০২৩; বিএএফ শাহীন কলেজ, শমশেরনগর, মৌলভীবাজার]

ক. চল কী?

খ. 'নিয়ন্ত্রণ' পরীক্ষণ পদ্ধতির অন্যতম বৈশিষ্ট্য কেন?

গ. চল নিয়ন্ত্রণে C অংশটি ব্যাখ্যা করো।

ঘ. চল নিয়ন্ত্রণে B ও E অংশের ভূমিকা বর্ণনা করো।

৩. **দৃশ্য-১:** সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষিকা আতিয়া স্বাভাবিক পরিবেশ বজায় রেখে একটি শিশুর আচরণ অবলোকন করছেন। তার স্বাভাবিক আচরণ যাতে বিঘ্নিত না হয় সেদিকেও সতর্ক সৃষ্টি রাখছেন।

**দৃশ্য-২:** সীমা একটি শিশুর আচরণ পর্যবেক্ষণের জন্য তাকে গবেষণাগারে নিয়ে আসেন এবং কিছু শর্ত প্রয়োজন অনুসারে বাড়িয়ে কমিয়ে তার আচরণ পর্যবেক্ষণ করেন। সবশেষে প্রাপ্ত উপাত্ত বিশ্লেষণ ও সরলীকরণের মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করেন। [রাজশাহী, কুমিল্লা, যশোর বোর্ড ২০১৯]

ক. বৈজ্ঞানিক পদ্ধতি কী?

খ. পরীক্ষণ পদ্ধতি সবচেয়ে বেশি ব্যবহৃত হয় কেন?

গ. আতিয়ার ব্যবহৃত গবেষণা পদ্ধতির নাম লিখ এবং ব্যাখ্যা করো।

ঘ. দৃশ্য-২ এ সীমার ব্যবহৃত পদ্ধতি দুটো উল্লেখ করো এবং তুলনামূলক বিশ্লেষণ করো।

৪. মনোবিজ্ঞানের শিক্ষক শ্রেণিকক্ষে শব্দের প্রভাব জানতে চান। এজন্য তিনি ২৫ জন বালক ও ২৫ জন বালিকা নিয়ে দুটি দল গঠন করেন এবং তাদেরকে দুটি পৃথক কক্ষের ব্যবস্থা করেন। একটি কক্ষে মাইক, মিছিল ও গাড়ির হর্নসহ বিভিন্ন ধরনের শব্দ প্রবশ করতে অন্যটিতে শব্দ নিয়ন্ত্রণের ব্যবস্থা ছিল। ফলাফলে দেখা যায় নিয়ন্ত্রিত কক্ষের শিক্ষার্থীদের শিক্ষণের পরিমাণ ভালো হয়েছে। [ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম, বরিশাল বোর্ড ২০১৮]

ক. চল কী?

খ. পরীক্ষণ পদ্ধতিতে পুনরাবৃত্তিতে গুরুত্বপূর্ণ কেন?

গ. মনোবিজ্ঞানের শিক্ষক কোন চলের প্রভাব জানতে চেয়েছেন? ব্যাখ্যা করো।

ঘ. চল নিয়ন্ত্রণের জন্য শিক্ষক কর্তৃক ব্যবহৃত কৌশলসমূহ বিশ্লেষণ করো।

৫. জনাব ইসমাইল একজন মনোবিজ্ঞানের শিক্ষক। তিনি ছাত্রদের শিক্ষণের উপর গণ্ডগোলের প্রভাব দেখার জন্য তার ক্লাসের ছাত্রদের জোড়-বিজোড় রোল নম্বর এর ভিত্তিতে সমান সংখ্যক ছাত্র দিয়ে "ক" দল এবং "খ" দল গঠন করেন। তিনি "ক" দলকে গন্ডগোলযুক্ত পরিবেশে এবং "খ" দলকে গণ্ডগোলমুক্ত পরিবেশে দুটি ভিন্ন কক্ষে নির্দিষ্ট সময় পর্যন্ত কতকগুলো অর্থহীন শব্দ তালিকা মুখস্থ করতে দেন। পরীক্ষণ শুরুর পূর্বে গণ্ডগোলযুক্ত পরিবেশের শিক্ষণ গণ্ডগোলমুক্ত পরিবেশের শিক্ষণের তুলনায় কম হবে বলে মন্তব্য করেন। পরীক্ষণ শেষে ফলাফল ইসমাইল সাহেবের মতামতের সাথে মিলে যায়। [যশোর, কুমিল্লা, সিলেট, বরিশাল বোর্ড ২০২৭]


ক. সমস্যা কী?

খ. অনির্ভরশীল চল ব্যাখ্যা কর।

গ. ইসমাইল সাহেবের পরীক্ষণ সম্পর্কিত মতামতটি পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর।

ঘ. উদ্দীপকে ইসমাইল সাহেব পরীক্ষণ পরিচালনায় চল নিয়ন্ত্রণের যে যে কৌশল অবলম্বন করেছেন সেগুলো আলোচনা কর।

৬.




[হলি ক্রস কলেজ, ঢাকা]

ক. সমস্যা কী?


খ. ভালো প্রকল্পের ২টি বৈশিষ্ট্য লেখো।

গ. উদ্দীপকের 'খ' চিহ্নিত কৌশলটি উদাহরণসহ বর্ণনা করো।


ঘ. উদ্দীপকের 'ঘ' কোশলটি বর্ণনা করে বল যে, 'ঙ' কৌশলটি কোন কোন ক্ষেত্রে ব্যবহৃত হয়?

৭.

দৃশ্যকল্প-১:




দৃশ্যকল্প-২:




[রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]

ক. প্রকল্প কী?

খ. জ্ঞানের স্বল্পতা থেকে কীভাবে সমস্যার সৃষ্টি হয়? ব্যাখ্যা করো।

গ. দৃশ্যকল্প-১ এ A ও C এর শ্রেনিবিভাগ ব্যাখ্যা করো।

ঘ. দৃশ্যকল্প-২ এর প্রদত্ত A ও B পদ্ধতির মধ্যে তুলনামূলক বিশ্লেষণ করো।

৮. রিমা পরীক্ষার হলে মনোযোগ সহকারে পরীক্ষা দিচ্ছিল। হঠাৎ বিদ্যুৎ চলে গেলে কক্ষ অন্ধকারে পরিণত হয়। ফলে জেনারেটর অন না হওয়া পর্যন্ত সে লিখতে পারে নাই। পরীক্ষা শেষে বিকেলে খেলার মাঠে রিমা ও তার ২২ জন বন্ধু গোল্লাছুট খেলার জন্য প্রস্তুতি গ্রহণ করে। ২২ জন বন্ধুর মধ্যে ১২ জন্য ছেলে ও ১০ জন মেয়ে বন্ধু রয়েছে। দল কীভাবে গঠন করবে তা নিয়ে সকলে চিন্তায় পড়লে পাড়ার এক বড় ভাই তাদের এমনভাবে দলে বন্টন করে দেয় যেখানে উভয় দলে সমান সংখ্যক খেলোয়াড় অন্তর্ভুক্ত করা হয়।

ক. অনির্ভরশীল চল কী? [মাইলস্টোন কলেজ, ঢাকা]

খ. পুনরাবৃত্তি পরীক্ষণ পদ্ধতির অন্যতম বৈশিষ্ট্য কেন?

গ. রিমা পরীক্ষার হলে কিছু সময় না লেখার কারণ চলের কোন শ্রেণিবিভাগের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা করো।

ঘ. পাড়ার বড় ভাইয়ের দল বন্টনের পদ্ধতি চল নিয়ন্ত্রণের কোন কৌশলের প্রতিনিধিত্ব করে? বিশ্লেষণ করো।

## জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্নের সাজেশন

### ক নং প্রশ্ন (জ্ঞানমূলক)

★★ প্রশ্ন-১. প্রকল্প কী? [ঢাকা, ময়মনসিংহ, রাজশাহী, কুমিল্লা, চট্টগ্রাম, যশোর, বরিশাল বোর্ড ২০২৩]

★★ প্রশ্ন-২. চল কী? [ঢাকা, ময়মনসিংহ, রাজশাহী, কুমিল্লা, চট্টগ্রাম, যশোর, বরিশাল বোর্ড ২০২৩, বিএএফ শাহীন কলেজ, শমশেরনগর, মৌলভীবাজার]

★★ প্রশ্ন-৩. বাহ্যিক চল কী? [রাজশাহী সরকারি সিটি কলেজ]

★★ প্রশ্ন-৪. পরীক্ষণ পদ্ধতি কি?

[আর্মড পুলিশ ব্যাটালিয়ন পাবলিক স্কুল ও কলেজ, বগুড়া]

★★ প্রশ্ন-৫. চলের নিয়ন্ত্রণ বা পরীক্ষণের নিয়ন্ত্রণ কী?

[চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ]

### খ নং প্রশ্ন (অনুধাবনমূলক)

★★ প্রশ্ন-১. পরীক্ষণে 'পরীক্ষণ দল' গুরুত্বপূর্ণ কেন? [ঢাকা, ময়মনসিংহ, রাজশাহী, কুমিল্লা, চট্টগ্রাম, যশোর, বরিশাল বোর্ড ২০২৩]

★★ প্রশ্ন-২. 'নিয়ন্ত্রণ' পরীক্ষণ পদ্ধতির অন্যতম বৈশিষ্ট্য কেন? [ঢাকা, ময়মনসিংহ, রাজশাহী, কুমিল্লা, চট্টগ্রাম, যশোর, বরিশাল বোর্ড ২০২৩ বিএএফ শাহীন কলেজ]

★★ প্রশ্ন-৩. বাহ্যিক চল বলতে কি বুঝ?

[আর্মড পুলিশ ব্যাটালিয়ন পাবলিক, স্কুল ও কলেজ, বগুড়া]

★★ প্রশ্ন-৪. পরস্পর বিরোধী ফলাফলকে সমস্যার উৎস বলা হয় কেন? [চট্টগ্রাম কলেজ]

★★ প্রশ্ন-৫. বস্তুনিষ্ঠতাকে পরীক্ষণ পদ্ধতির গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য কেন বলা হয়? [চট্টগ্রাম সিটি কর্পোরেশন আন্তঃ কলেজ]

## সৃজনশীল বহুনির্বাচনি

### বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

**০১. পরীক্ষণের পরিবেশকে যাবতীয় অবাঞ্ছিত অবস্থা হতে মুক্ত রাখাকে কী বলা হয়?** [সকল বোর্ড ২০২৫]

ক) নিয়ন্ত্রণ খ) বস্তুনিষ্ঠতা

গ) যথার্থতা প্রমাণ ঘ) নির্ভরযোগ্যতা উঃ ক

**০২. অনির্ভরশীল চল প্রয়োগে সৃষ্ট প্রতিক্রিয়া হলো—** [সকল বোর্ড ২২]

ক) অনির্ভরশীল চল খ) নির্ভরশীল চল

গ) মধ্যবর্তী চল ঘ) বাহ্যিক চল উঃ খ

**০৩. মনোবিজ্ঞানে ব্যবহৃত গবেষণা পদ্ধতিসমূহের মধ্যে কোনটি বৈজ্ঞানিক রীতি-নীতি অধিকতর অনুসরণ করে?** [সকল বোর্ড ২০২২]

ক. পর্যবেক্ষণ পদ্ধতি খ) ঘটনা অনুধ্যান পদ্ধতি

গ) পরিসংখ্যান পদ্ধতি ঘ) পরীক্ষণ পদ্ধতি উঃ ঘ

**০৪. পোষণা কোন ধরনের চল?** [সকল বোর্ড ২০২৩]

ক) নির্ভরশীল খ) অনির্ভরশীল

গ) মধ্যবর্তী ঘ) বাহ্যিক উঃ গ

**০৫. পরীক্ষণে পারীক্ষের অভিজ্ঞতা কোন ধরনের চল?** [সকল বোর্ড ২০২৫]

ক) নির্ভরশীল চল খ) অনির্ভরশীল চল
গ) মধ্যবর্তী চল ঘ) বাহ্যিক চল উঃ গ

**০৬. পরীক্ষণে কয় ধরনের নিয়ন্ত্রণ লক্ষ করা যায়?** [শহীদ বীর-উত্তম লেঃ আনোয়ার গার্লস কলেজ, ঢাকা]

ক) ২ খ) ৩
গ) ৪ ঘ) ৫ উ; ক

**০৭. কোনটি সুপরিকল্পিত ও সুনিয়ন্ত্রিত পদ্ধতি?** [রাজশাহী সরকারি সিটি কলেজ]

ক) পরীক্ষণ পদ্ধতি খ) পর্যবেক্ষণ পদ্ধতি
গ) জরিপ পদ্ধতি ঘ) চিকিৎসামূলক পদ্ধতি উঃ ক

**০৮. কোনটি মনোবৈজ্ঞানিক পদ্ধতির অন্যতম শর্ত?** [বরেন্দ্র কলেজ, রাজশাহী]

ক) পুনরাবৃত্তি খ) সাধারণীকরণ
গ) নিয়ন্ত্রণ ঘ) নিরপেক্ষতা উঃ খ

**০৯. সাধারণীকরণ বলতে বোঝায়—** [রাজশাহী সরকারি সিটি কলেজ]

ক) বার বার পরীক্ষণ কার্য পরিচালনার মধ্য দিয়ে পরীক্ষণের ফলাফলের সত্যতা যাচাই করা
খ) পরীক্ষণে অবাঞ্ছিত চলের প্রভাব নিয়ন্ত্রণ রাখা
গ) পরীক্ষণের ফলাফলের ভিত্তিতে মানুষ বা প্রাণীর আচরণ ও মানসিক ক্রিয়া-প্রতিক্রিয়া সম্পর্কে সাধারণ সূত্র প্রণয়ন করা
ঘ) তথ্য সংগ্রহ ও তথ্য বিশ্লেষণের জন্য পরিসংখ্যানিক পদ্ধতি ব্যবহার করা উঃ গ

**১০. চল নিয়ন্ত্রণের সহজ ও উত্তম পদ্ধতি কোনটি?** [রাজবাড়ী সরকারি আদর্শ মহিলা কলেজ]

ক) পর্যবেক্ষণ পদ্ধতি খ) পরীক্ষণ পদ্ধতি
গ) দৈবচয়ন পদ্ধতি ঘ) নিয়ন্ত্রণ পদ্ধতি উঃ গ

**১১. চল শনাক্তকরণের পরবর্তী কাজ কোনটি?** [বি এ এফ শাহীন কলেজ, ঢাকা]

ক) নকশা প্রণয়ন খ) চলসমূহের নিয়ন্ত্রণ
গ) পরীক্ষণপাত্র নির্বাচন ঘ) উপাত্ত সংগ্রহ উঃ খ

**১২. বৈজ্ঞানিক পদ্ধতির কাঠামো হলো-** [সরকারি সুন্দরবন আদর্শ কলেজ, খুলনা]

i. সুসংগঠিত ii. নিয়মসাপেক্ষ
iii. সুসামঞ্জস্যপূর্ণ

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii উঃ ঘ

**১৩. পরীক্ষণ পদ্ধতির বৈশিষ্ট্য—** [সকল বোর্ড ২৩]

i. চল এর নিয়ন্ত্রণ ii. বস্তুনিষ্ঠতা
iii. পুনরাবৃত্তিতা

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii উঃ ঘ

**১৪. নিয়মতান্ত্রিক পর্যবেক্ষণের বৈশিষ্ট্য—** [সকল বোর্ড ২৩]

i. প্রাকৃতিক পরিবেশে পর্যবেক্ষণ
ii. পর্যবেক্ষণকারী কর্তৃক প্রতিবন্ধকতা সৃষ্টি না করা
iii. চলসমূহের নিয়ন্ত্রণ ব্যবস্থা অনুপস্থিত

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii উঃ ঘ

**১৫. সমস্যার উৎস-** [সকল বোর্ড ২২]

i. জ্ঞানের সম্পূর্ণতা ii. তথ্যের ব্যাখ্যা
iii. সাহিত্য পর্যালোচনা

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii উঃ গ

**১৬. একটি ভালো প্রকল্পের বৈশিষ্ট্য হলো-** [সিকল বোর্ড '২২]

i. প্রকল্প প্রমাণ সাপেক্ষ হতে হবে।
ii. প্রকল্প যৌক্তিক হবে
iii. প্রকল্প পরিমাণগতভাবে প্রকাশযোগ্য হবে

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii উঃ ঘ

**১৭. দৈবচয়ন পদ্ধতিতে প্রত্যেক পরীক্ষণপাত্রের নির্বাচিত হবার সম্ভাবনা থাকে—** [সেন্ট্রাল উইমেন্স কলেজ, ঢাকা]

i. পক্ষপাতিত্ব ii. নিরপেক্ষ iii. সমান

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii উঃ গ

**১৮. পরীক্ষণমূলক সমস্যার প্রধান বৈশিষ্ট্য—** [শহীদ বীর-উত্তম লেঃ আনোয়ার গার্লস কলেজ, ঢাকা]

i. সমস্যাটি সুনির্দিষ্ট হতে হবে
ii. সমস্যাটি পরস্পরবিরোধী হতে হবে
iii. সমস্যাটি পরীক্ষণ যোগ্য হতে হবে

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii উঃ খ

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৯ ও ২০ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

মেহতাব খানম একজন বিশিষ্ট মনোবিজ্ঞানী। তার কাছে এক দম্পতি এসেছিল কারণ তারা সব সময় ভীত থাকে। মেহতাব খানম তাদের আর্থ-সামাজিক অবস্থা, ব্যক্তির ধরন, বুদ্ধির

বিকাশ, পেশাগত দৃষ্টিভঙ্গিসহ জীবনের সমস্ত তথ্য সংগ্রহ করে জানতে পারেন তারা সাভারে রানা প্লাজায় কাজ করত। এটা ভেঙে পড়ার পর তারা কোনোভাবে রক্ষা পায়।

[সিদ্ধেশ্বরী গার্লস কলেজ, ঢাকা]

**১৯. মেহতাব খানম মনোবৈজ্ঞানিক গবেষণার কোন পদ্ধতি ব্যবহার করে?**

ক) পরীক্ষণ পদ্ধতি খ) পর্যবেক্ষণ পদ্ধতি
গ) সহসম্পর্ক অনুধ্যান ঘ) ঘটনা অনুধ্যান পদ্ধতি উঃ ঘ

**২০. উদ্দীপকে যে পদ্ধতি ব্যবহৃত হয়েছে তার বৈশিষ্ট্য-**

i. পদ্ধতি সম্পূর্ণ সত্য ও বস্তুনিষ্ঠ
ii.. 'নমনীয় প্রকৃতির অনুসন্ধান পদ্ধতি
iii. সমস্যা সমাধানে অধিক মাত্রায় প্রয়োগমুখী

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii উ. গ

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ২১ ও ২২ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

আকাশ পরীক্ষণ পরিচালনা করার সময় লক্ষ করলেন যে, বাহিরের গোলমাল তার পরীক্ষণকার্যে মারাত্মকভাবে প্রতিবন্ধকতা সৃষ্টি করছে। পক্ষান্তরে বিকাশ 'লিঙ্গভেদে আচরণের তারতম্যের প্রভাব' দেখার জন্য নিম্নোক্ত নকশা মোতাবেক পরীক্ষণ পরিচালনা করেন।

| দল / লিঙ্গ | পরীক্ষণ দল | নিয়ন্ত্রিত দল |
|---|---|---|
| পুরুষ | ১৫ জন | ১৫ জন |
| মহিলা | ১৫ জন | ১৫ জন |

[সকল বোর্ড ২০২৩]

**২১. আকাশ অনির্ভরশীল চল নিয়ন্ত্রণে কোন কৌশল প্রয়োগ করেন?**

ক) তুল্য মূল্যায়ন খ) অপসারণ
গ) দৈবায়ন ঘ) অবস্থার ধ্রুবকতা উঃ খ

**২২. বিকাশের চল নিয়ন্ত্রণ কৌশলে লক্ষণীয়-**

i. সকল বৈশিষ্ট্যের দিক থেকে সমান সমান দু'টি দল গঠন
ii. পরীক্ষণ দলের উপর অনির্ভরশীল চলের প্রয়োগ
iii.. একই পরীক্ষণপাত্রকে একাধিক পরীক্ষণমূলক অবস্থার সম্মুখীন করা

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii উঃ ক

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ২৩ ও ২৪ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

মল্লিকা স্বাভাবিক পরিবেশ বজায় রেখে পরীক্ষণপাত্রের আচরণ পর্যবেক্ষণ করে তথ্য সংগ্রহ করে। আর বিপাশা মল্লিকার সংগৃহীত তথ্য নিয়ে বিচার, বিশ্লেষণ করে গবেষণার নির্ভুল সিদ্ধান্তে পৌছায়।

[আলহেরা একাডেমি স্কুল এন্ড কলেজ, বেড়া, পাবনা]

**২৩. বিপাশা গবেষণার কোন পদ্ধতি ব্যবহার করে?**

ক) প্রাকৃতিক পর্যবেক্ষণ খ) পদ্ধতিগত পর্যবেক্ষণ
গ) পরিসংখ্যান পদ্ধতি ঘ) জরিপ পদ্ধতি উঃ গ

**২৪. বিপাশার ব্যবহৃত পদ্ধতির সুবিধা-**

i. গুণবাচক তথ্য ব্যাখ্যা সহজ
ii. সংক্ষিপ্ত ও অর্থবহ
iii. তথ্য সংখ্যায় প্রকাশ করা যায়

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii উঃ গ

## অধ্যায়-৮: পরিসংখ্যান

### সৃজনশীল রচনামূলক

১. দৃশ্যকল্প-১: মনোবিজ্ঞান বিষয়ে সাপ্তাহিক পরীক্ষায় ১০ জন শিক্ষার্থী অংশগ্রহন করে। পরীক্ষার মোট নম্বর ছিল ৬০। শিক্ষার্থীরা নিম্নলিখিত নম্বর প্রাপ্ত হয়।

| প্রাপ্ত নম্বরের শ্রেণি | শিক্ষার্থীর সংখ্যা |
|---|---|
| ৫০-৫৪ | ১ |
| ৪৫-৪৯ | ২ |
| ৪০-৪৪ | ৪ |
| ৩৫-৩৯ | ৫ |
| ৩০-৩৪ | ৪ |
| ২৫-২৯ | ৩ |
| ২০-২৪ | ১ |
| | N = 20 |

[ঢাকা, দিনাজপুর, চট্টগ্রাম, সিলেট, বরিশাল বোর্ড ২০১৯]

ক. বিচ্যুতির পরিমাপ কয়টি?
খ. পরীক্ষণের ফলাফল উপস্থাপনে লেখচিত্র গুরুত্বপূর্ণ কেন?
গ. দৃশ্যকল্প-১ থেকে বিস্তারমান নির্ণয় কর।
ঘ. দৃশ্যকল্প-২ থেকে বীজগাণিতিক চিহ্ন বর্জন সাপেক্ষে বিচ্যুতির পরিমাপটি নির্ণয় কর।

২. একাদশ শ্রেণির ফাইনাল পরীক্ষায় ১০ জন শিক্ষার্থীর মনোবিজ্ঞান ও সমাজবিজ্ঞান বিষয়ে প্রাপ্ত নম্বর নিম্নরূপ:

মনোবিজ্ঞান বিষয়ে প্রাপ্ত নম্বর: ৩০, ২৫, ৩৭, ৩৩, ৩৫, ৪০, ৫০, ৪৫, ৬০, ৪৫

সমাজবিজ্ঞান বিষয়ে প্রাপ্ত নম্বর: ৪৫, ৫০, ৬০, ৫৫, ৬৫, ৫০, ৪৭, ৫৩, ৩৮, ৩৭

[রাজশাহী, কুমিল্লা, যশোর বোর্ড ২০১৯]

ক. বিচ্যুতির পরিমাপগুলো কী কী?
খ. বর্ণনামূলক পরিসংখ্যান গুরুত্বপূর্ণ কেন?

গ. মনোবিজ্ঞান বিষয়ে প্রাপ্ত নম্বরের বীজগাণিতিক চিহ্ন বর্জন সাপেক্ষে সকল বিচ্যুতির গাণিতিক গড় নির্ণয় কর।
ঘ. সমাজবিজ্ঞান বিষয়ে প্রাপ্ত নম্বরের বিচ্যুতির বর্গের গড় নির্ণয় কর।

৩. উচ্চ মাধ্যমিক পরীক্ষায় মনোবিজ্ঞান বিষয়ে ৫০ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে। পরীক্ষায় মোট নম্বর ছিল ৭৫। শিক্ষার্থীরা নিম্ন প্রদত্ত নম্বর প্রাপ্ত হয়:

| প্রাপ্ত নম্বরের শ্রেণি | শিক্ষার্থীর সংখ্যা |
|---|---|
| ৭১-৭৫ | ২ |
| ৬৬-৭০ | ৫ |
| ৬১-৬৫ | ১০ |
| ৫৬-৬০ | ১৫ |
| ৫১-৫৫ | ৯ |
| ৪৬-৫০ | ৬ |
| ৪১-৪৬ | ৩ |

[ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম, বরিশাল বোর্ড ২০১৮]

ক. বিচ্যুতি কী?
খ. অনুমাননির্ভর পরিসংখ্যান গুরুত্বপূর্ণ কেন?
গ. উদ্দীপকের আলোকে বিচ্যুতির উৎকৃষ্ট পরিমাপ নির্ণয় কর।
ঘ. উদ্দীপকের প্রদত্ত বণ্টনের ভেদাংক নির্ণয়, কর এবং বিচ্যুতির উৎকৃষ্ট পরিমাপের সাথে তুলনা কর।

৪. দ্বাদশ শ্রেণির নির্বাচনী পরীক্ষায় ইংরেজি বিষয়ে ৫০ জন ছাত্র অংশ নেয়। পরীক্ষায় মোট নম্বর ছিল ১০০। ছাত্ররা নিম্নরূপ নম্বর পায় :

| প্রাপ্ত নম্বরের শ্রেণি | ছাত্র সংখ্যা |
|---|---|
| ৮০-৮৪ | ৩ |
| ৭৫-৭৯ | ৬ |
| ৭০-৭৪ | ৭ |
| ৬৫-৬৯ | ৮ |
| ৬০-৬৪ | ১০ |
| ৫৫-৫৯ | ৭ |
| ৫০-৫৪ | ৪ |
| ৪৫-৪৯ | ৩ |
| ৪০-৪৪ | ২ |
| | N = ৫০ |

[যশোর, কুমিল্লা, সিলেট, বরিশাল বোর্ড ২০১৭]

ক. চতুর্থাংশীয় বিচ্যুতি কী?
খ. পূর্বানুমান পরিসংখ্যান বলতে কী বোঝায়?
গ. ছাত্রদের প্রাপ্তমানের গড়বিচ্যুতি নির্ণয় কর।
ঘ. উদ্দীপকের উল্লিখিত বণ্টনটির সবচাইতে উৎকৃষ্ট বিচ্যুতির পরিমাপ নির্ণয় কর।

৫. দৃশ্যকল্প ১: মনোবিজ্ঞান এর মাসিক পরীক্ষায় মোট নম্বর ছিল ২০। পরীক্ষার্থীদের প্রাপ্ত নম্বর নিম্নরূপ: ৬, ৪, ৮, ৩, ৭, ৯, ১০, ১৭, ১৪, ১২

দৃশ্যকল্প ২: নির্বাচনী পরীক্ষার আইসিটি বিষয়ে ২০ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে। শিক্ষার্থীদের প্রাপ্ত নম্বর নিম্নরূপ:

| প্রাপ্ত নম্বরের শ্রেণি | শিক্ষার্থীর সংখ্যা |
|---|---|
| ২০-২৪ | ১ |
| ২৫-২৯ | ৩ |
| ৩০-৩৪ | ৪ |
| ৩৫-৩৯ | ৫ |
| ৪০-৪৪ | ৪ |
| ৪৫-৪৯ | ২ |
| ৫০-৫৪ | ১ |
| | N = ২০ |

[রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]

ক. বিচ্যুতির পরিমাপ কয় ধরনের?
খ. অনুমান নির্ভর পরিসংখ্যান গুরুত্বপূর্ণ কেন?
গ. দৃশ্যকল্প-১ থেকে বিস্তারমান নির্ণয় করো।
ঘ. দৃশ্যকল্প-২ থেকে বীজগণিত চিহ্ন বর্জন সাপেক্ষে বিচ্যুতির পরিমাপ নির্ণয় করো।

৬. দ্বাদশ শ্রেণির মনোবিজ্ঞান বিষয়ের ১০ জন শিক্ষার্থীর প্রাক নির্বাচনি ও নির্বাচনে পরীক্ষার প্রাপ্ত নম্বর নিম্নরূপ:
প্রাক নির্বাচনি: ৩৩, ৩৪, ৪০, ৪২, ৫০, ৫৫, ৭০, ৭৫, ৮০, ৯০
নির্বাচনি: ৩৪, ৪২, ৪৬, ৫০, ৫২, ৫৬, ৭২, ৭৪, ৮০, ৮৮

[ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা]

ক. বিচ্যুতির পরিমাপ কয়টি?
খ. পরিসরকে বিচ্যুতির সহজতর পরিমাপক বলা হয় কেন?
গ. প্রাক-নির্বাচনি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের বীজগাণিতিক চিহ্ন বর্জন সাপেক্ষে সকল বিচ্যুতির গাণিতিক গড় নির্ণয় করো।
ঘ. শিক্ষার্থীদের নির্বাচনি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের বিস্তারমান ও আদর্শ বিচ্যুতি নির্ণয় করো।

## জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্নের সাজেশন

### ক নং প্রশ্ন (জ্ঞানমূলক)

** প্রশ্ন-১. পরিসংখ্যান কী? [দি বো, কু. বো., সি. বো., য. বো. ১৮]
** প্রশ্ন-২. বিচ্যুতির পরিমাপ কয়টি? [ঢা. বো., চ. বো., দি, বো, সি. বো., ব. বো. '১৯; রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা; ভিকারুননিসা নুন স্কুল এন্ড কলেজ, ঢাকা; বাংলাদেশ বিমান বাহিনী শাহীন কলেজ, ঢাকা; সরকারি মজিদ মেমোরিয়াল সিটি কলেজ, খুলনা]
** প্রশ্ন-৩. বিচ্যুতি কী? [ঢা. বো, রা. বো, চ. বো., ব. বো. ১৮; ঢাকা সিটি কলেজ; হলি ক্রস কলেজ, ঢাকা; আদমজী ক্যান্টনমেন্ট কলেজ, ঢাকা; ভাষা শহীদ আব্দুল জব্বার আনসার ভিডিপি স্কুল এন্ড কলেজ, গাজীপুর]
** প্রশ্ন-৪. বিচ্যুতির সংজ্ঞা দাও।

[ঢা বো., রা. বো., দি বো, চ. বো. ১৭; ঢাকা কলেজ]

** প্রশ্ন-৫. চতুর্থাংশীয় বিচ্যুতি কী? [কু. বো., সি. বো, য. বো., ব. বো. ১৭]

## খ নং প্রশ্ন (অনুধাবনমূলক)

** প্রশ্ন-১. বর্ণনামূলক পরিসংখ্যান গুরুত্বপূর্ণ কেন? [রা. বো., কু. বো., য. বো. ১৯]

** প্রশ্ন-২. অনুমাননির্ভর পরিসংখ্যান গুরুত্বপূর্ণ কেন? [ঢা. বো., রা. বো., চ. বো, ব. বো. ১৮; রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা; আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা]

** প্রশ্ন-৩. পূর্বানুমান পরিসংখ্যান বলতে কী বোঝায়? [কু. বো, সি. বো., য. বৌ., ব. বো. ১৭]

** প্রশ্ন-৪. পরীক্ষণের ফলাফল উপস্থাপনে লেখচিত্র গুরুত্বপূর্ণ কেন? [ঢা বো., চ. বো., দি বো, সি. বো, ব. বো. ১৯]

** প্রশ্ন-৫. পরিসরকে বিচ্যুতির সহজতর পরিমাপক বলা হয় কেন? [দি. বো, কু. বো, সি. বো., য. বো. ১৮; ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা; ঢাকা ইমপিরিয়াল কলেজ; বাংলাদেশ বিমান বাহিনী শাহীন কলেজ, ঢাকা]

** প্রশ্ন-৬. গড় ব্যবধান নির্ণয়ে বিচ্যুতির পরম মান নেওয়া হয় কেন? [ঢা বো., রা. বো., দি. বো, চ. বো. ১৭; ভাষা শহীদ আব্দুল জব্বার আনসার ভিডিপি স্কুল এন্ড কলেজ, গাজীপুর]

## সৃজনশীল বহুনির্বাচনি

## বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

**০১. কোন লেখচিত্রে X অক্ষে শ্রেণি মধ্যবিন্দুতে থাকে?** [সকল বোর্ড ২০১৯]

ক. বহুভুজ খ. আয়তলেখ
গ. অজিভ রেখা ঘ. পৌনঃপুন্য রেখা উ. ক

**০২. বীজগাণিতিক চিহ্ন বর্জন সাপেক্ষে সকল বিচ্যুতির গাণিতিক গড়কে কী বলে?** [সকল বোর্ড ২০১৯; ঢাকা কলেজ; মাইলস্টোন কলেজ, ঢাকা, ড. মাহবুবুর রহমান মোল্লা কলেজ, ঢাকা]

ক. পরিসর খ. চতুর্থাংশীয় বিচ্যুতি
গ. আদর্শ বিচ্যুতি ঘ. গড় বিচ্যুতি উ. ঘ

**০৩. আদর্শ বিচ্যুতিকে বর্গ করলে যা পাওয়া যায় তার নাম-** [সকল বোর্ড ২০১৭]

ক. ভেদাংক খ. পরিসর
গ. গড় বিচ্যুতি ঘ. চতুর্থাংশীয় বিচ্যুতি উ. ক

**০৪. পরিসরের সূত্র কোনটি?** [সাভার ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, ঢাকা; সরকারি সুন্দরবন আদর্শ কলেজ, খুলনা]

ক. R = (L–H) খ. R = (H–L)
গ. R = (H–L) + ১ ঘ. H = (R–L) + ১ উ. গ

**০৫. ২৮, ২৫, ২৭, ১৪, ৭, ৯ এর পরিসর কত?** [সকল বোর্ড ২০১৮]

ক. ২০ খ. ২১
গ. ২২ ঘ. ২৩ উ. গ

**০৬. কোন পরিসংখ্যানে নমুনা থেকে সমগ্রক সম্বন্ধে ধারণা করা যায়?** [সকল বোর্ড ২০১৭]

ক. অনুমানমূলক খ. পূর্বানুমানমূলক
গ. বর্ণনামূলক ঘ. সমানুপাতিক উ. ক

**০৭. আদর্শ বিচ্যুতিকে বর্গ করলে যা পাওয়া যায় তার নাম-** [সকল বোর্ড ২০১৭; ক্যান্টনমেন্ট কলেজ, কুমিল্লা]

ক. ভেদাংক খ. পরিসর
গ. গড় বিচ্যুতি ঘ. চতুর্থাংশীয় বিচ্যুতি উ. ক

**০৮. $Q_1$ = ৪৭ ও $Q_3$ = ৬৩ হলে চতুর্থক ব্যবধান কত?** [সকল বোর্ড ২০১৭]

ক. ৫ খ. ৬
গ. ৭ ঘ. ৮ উ. ঘ

**০৯. কোনো তথ্য সারির সবচেয়ে বড় ও সবচেয়ে ছোট মানের পার্থক্য নিচের কোনটি?** [শহীদ বীর-উত্তম লেঃ আনোয়ার গার্লস কলেজ, ঢাকা]

ক. গড় খ. পরিসর
গ. গড় ব্যবধান ঘ. ভেদাঙ্ক উ. খ

**১০. আদর্শ বিচ্যুতি অন্য কী নামে পরিচিত?** [রাজবাড়ী সরকারি আদর্শ মহিলা কলেজ]

ক. পরিমিত ব্যবধান খ. গড় ব্যবধান
গ. আদর্শ ব্যবধান ঘ. আদর্শ মান উ. ক

**১১. বিচ্যুতির বর্গের গড়ের বর্গমূলকে বলে-** [রাজশাহী সরকারি সিটি কলেজ]

ক. গড় বিচ্যুতি খ. আদর্শ বিচ্যুতি
গ. চতুর্থাংশীয় বিচ্যুতি ঘ. বিস্তারমান উ. ঘ

**১২. প্রথম চতুর্থক সংখ্যা কোনটি?** [বরেন্দ্র কলেজ, রাজশাহী]

ক. $\frac{N4}{3}$ তম খ. $\frac{N}{3}$ তম
গ. $\frac{N}{4}$ তম ঘ. $\frac{3N}{4}$ তম উ. গ

**১৩. বিস্তার মান কোন অক্ষর দ্বারা প্রকাশ করা হয়?** [বরেন্দ্র কলেজ, রাজশাহী]

ক $\theta$ খ. $\theta^2$
গ. $\omega^2$ ঘ $\sigma^2$ উ. ঘ

**১৪. তথ্য নিবেশনের তথ্যের মানগুলোর অবস্থান কোথায় এবং কোন তথ্যের ভূমিকা কতটুকু তা কোন বিচ্যুতি দ্বারা নির্ণয় করা যায়?** [বিয়াম মডেল স্কুল ও কলেজ, রংপুর]

ক. বিস্তারমান গ. গড় বিচ্যুতি
খ. পরিসর ঘ. আদর্শ বিচ্যুতি উ. ঘ

**১৫. বন্টনের বৃহত্তম ও ক্ষুদ্রতম সাফল্যাকের মান জানা থাকলে ঐ বণ্টনের বিচ্যুতি পরিমাপে কোন পদ্ধতি ব্যবহৃত হয়?**

[পঞ্চগড় সরকারি মহিলা কলেজ]

ক. পরিসর  খ. গড়ব্যবধান
গ. পরিমিতব্যবধান  ঘ. ভেদাংক  উ. ক

**১৬. তৃতীয় চতুর্থক কোনটি?**

[গোয়াইনঘাট ডিগ্রি কলেজ, সিলেট]

ক. $\frac{N}{4}$ তম  খ. $\frac{N}{3}$ তম
গ. $\frac{N4}{3}$ তম  ঘ. $\frac{3N}{4}$ তম  উ. ঘ

**১৭. পৌনঃপুন্য বণ্টনে লেখচিত্রের প্রয়োজনীয়তা রয়েছে, কেননা এর মাধ্যমে-** [সকল বোর্ড ২০১৮]

i. উপাত্তকে সংক্ষেপে ও সহজবোধ্যভাবে উপস্থাপন করা যায়
ii. তথ্যসারির অন্তর্বর্তী মান নির্ণয় করা যায়
iii. তথ্যের সঙ্গতি বিধান করা যায়

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii  খ. i ও iii
গ. ii ও iii  ঘ. i, ii ও iii  উ. ক


**১৮. আদর্শ বিচ্যুতি ব্যবহার করা হয়-** [ঢাকা সিটি কলেজ]

i. উপাত্তসমূহের কেন্দ্রীয় মান কতটুকু প্রতিনিধিত্বশীল তা যাচাই করার জন্য
ii. শিল্প পণ্যের উৎকর্ষ নিয়ন্ত্রণে
iii. বিভিন্ন নিবেশনের কালীন সারি বিশ্লেষণে

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii  খ. i ও iii
গ. ii ও iii  ঘ. i, ii ও iii  উ. ঘ

**নিচের চিত্রটি দেখো এবং ১৯ ও ২০ নম্বর প্রশ্নের উত্তর দাও:**




[কাদিরাবাদ ক্যান্টনমেন্ট স্যাপার কলেজ, নাটোর]

**১৯. উপরের চিত্রে কোন অক্ষ নির্ভরশীল চল?**

ক. X অক্ষ  খ. Y অক্ষ
গ. X ও Y অক্ষ
ঘ. X ও Y অক্ষের পরস্পর ছেদ O বিন্দু  উ. খ

**২০. উপরে যে চিত্র প্রকাশিত হয়েছে তার মাধ্যমে তথ্য উপস্থাপন করে যে সুবিধা হয়—**

i. তথ্য অনুধাবন করা সহজ হয়
ii. তথ্যের বিষয়বস্তু বোঝা সহজ হয়
iii. তথ্য সংক্ষেপে উপস্থাপন করা যায়

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii  খ. i ও iii
গ. ii ও iii  ঘ. i, ii ও iii  উ. ঘ